১৯ আগস্ট ২০২৩ মাসকট উন্মোচন অনুষ্ঠানে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) জানায়, পুরুষ ও নারী মাসকট



দুটির নাম দেওয়ার সুযোগ পাবেন ক্রিকেটশ্রেণীর। শেষ পর্যন্ত সমর্থকদের ভোটে চূড়ান্ত হয় মাসকট দুটির নাম। ৩০ সেপ্টেম্বর ২০২৩ আনুষ্ঠানিকভাবে ২০২৩ বিশ্বকাপের মাসকটের নাম

প্রকাশ করে ICC। নারী মাসকটের নাম 'ব্রেজ' ও পুরুষ মাসকটের নাম 'টফ'। বিশ্বে ক্রিকেটের মাধ্যমে যে লিঙ্গ সমতা ও ঐক্যের ছবি পরবর্তী প্রজন্মের কাছে তুলে ধরা চেষ্টা করা হয়, তারই প্রতিনিধি 'ব্রেজ' ও 'টফ'।

## ২০২৩ বিশ্বকাপের প্রাইজমানি


চ্যাম্পিয়ন : ৪৩ কোটি ৮৯ লাখ টাকা। রানার্সআপ : ২ কোটি ৯৪ লাখ টাকা। সেমিতে বাদ পড়া দল : ৮ কোটি ৭৮ লাখ টাকা। গ্রুপ পর্বে প্রতি জয়ে : ৪৩ লাখ ৮ হাজার টাকা। গ্রুপ পর্বে বাদ পড়া দল : ১ কোটি ১ লাখ টাকা।

- ◆ বিশ্বকাপে এই প্রথম এক ইনিংসে দক্ষিণ আফ্রিকার ডি ক্রক, ডান ডার ডিউসেন ও এইডেন মাকরাম এ তিনজন সেঞ্চুরি করার রেকর্ড করেন।
- ◆ আফগানিস্তানের বিপক্ষে খেলতে নেমে বিশ্বকাপ ইতিহাসের সর্বোচ্চ ৭টি সেঞ্চুরি রেকর্ড গড়েন ভারতের অধিনায়ক রোহিৎ শর্মা।
- ◆ বিশ্বকাপে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ড এবং পাকিস্তানকে প্রথমবারের মতো হারিয়ে ইতিহাস তৈরি করে আফগানিস্তান।
- ◆ ২০ অক্টোবর ২০২৩ বিশ্বকাপে পাকিস্তানের বিপক্ষে উদ্বোধনী জুটিতে সর্বোচ্চ ২৫৯ রানের নতুন রেকর্ড গড়ে অস্ট্রেলিয়া। (আপডেট : ২৫ অক্টোবর ২০২৩ পর্যন্ত)

ইস্তানবুল থেকে রাজধানী আঞ্চলিক স্থানান্তর করা হয় ১৯২৩ সালে

# মুজিব একটি জাতির রূপকার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নির্ভর চলচ্চিত্র 'মুজিব : একটি জাতির রূপকার'। বাংলাদেশ-ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্রটি 'বঙ্গবন্ধু' নামে ছবির শুটিং শুরু হলেও পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পছন্দে নাম পরিবর্তন করে 'মুজিব : একটি জাতির রূপকার' রাখা হয়। 'মহান' খ্যাত খ্যাতিমান ভারতীয় পরিচালক শ্যাম বেনেগাল ছবিটির পরিচালক। চলচ্চিত্রে বঙ্গবন্ধুর চরিত্রে অভিনয় করেন আরিফিন শুভ, বঙ্গবন্ধুর স্ত্রী শেখ ফজিলাতুন নেছার চরিত্রে নুসরাত ইমরোজ তিশা ও শেখ হাসিনার চরিত্রে নুসরাত ফারিয়া। এছাড়া অভিনয় করেন দেশি-বিদেশি শতাধিক অভিনয়শিল্পী।



## FACT FILE

- ২০২১**
- ২২ জানুয়ারি : ভারতের মুম্বাইয়ে চলচ্চিত্রটির নির্মাণ শুরু হয়।
  - ১৮ ডিসেম্বর : বাংলাদেশে চলচ্চিত্রটির শুটিং শেষ হয়।
- ২০২২**
- ১৭ মার্চ : বঙ্গবন্ধুর ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে আনুষ্ঠানিকভাবে প্রথম পোস্টার প্রকাশ করা হয়।
  - ৩ মে : দ্বিতীয় পোস্টার প্রকাশ করা হয়।
  - ১৯ মে : ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবের ৭৫তম আসরে চলচ্চিত্রটির ১ মিনিট ৩০ সেকেন্ডের ট্রেলার প্রকাশ করা হয়।
- ২০২৩**
- ৩১ জুলাই : বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড থেকে বিনা কর্তনে ছাড়পত্র লাভ করে।
  - ১৩ সেপ্টেম্বর : ৪৮তম টরেন্টো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রিমিয়ার হয়।
  - ১ অক্টোবর : চলচ্চিত্রটির ট্রেলার আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়।
  - ১৩ অক্টোবর : চলচ্চিত্রটি বাংলাদেশে মুক্তি পায়।
  - ২৭ অক্টোবর : ভারতসহ বিশ্বব্যাপী মুক্তি পায়।
- ইংরেজি নাম : MUJIB: THE MAKING OF A NATION
  - পরিচালক : শ্যাম বেনেগাল
  - সহযোগী পরিচালক : দয়াল নিহালানি
  - শিল্প নির্দেশনা : নীতিশ রায়
  - চিত্রনাট্যকার : অতুল তিওয়ারি ও শামা জায়েদি
  - সুরকার : শান্তনু মৈত্র
  - চিত্রগ্রাহক : আকাশদীপ পাণ্ডে
  - প্রযোজনা কোম্পানি : বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (BFDC) ও জাতীয় চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (NFDC), ভারত
  - পরিবেশক : জাজ মাল্টিমিডিয়া
  - মুক্তি : ১৩ অক্টোবর ২০২৩ (বাংলাদেশ) ও ২৭ অক্টোবর ২০২৩ (ভারতসহ বিশ্বব্যাপী)
  - দৈর্ঘ্য : ১৭৮ মিনিট
  - নির্মাণ ব্যয় : ৮৩ কোটি টাকা (বাংলাদেশ ৫০ কোটি ও ভারত ৩৩ কোটি)
  - এ চলচ্চিত্রে 'অচিন মাঝি' শিরোনামে গানটির গীতিকার জাহিদ আকবর আর কণ্ঠ দেন রথিজিৎ ভট্টাচার্য।

## বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত আরও কিছু চলচ্চিত্র

চলচ্চিত্র	পরিচালক	নির্মাণের বিষয়বস্তু	মুক্তি
টুঙ্গিপাড়ার মিয়া ভাই	সেলিম খান	শৈশব ও কৈশরের ঘটনা নিয়ে	২ এপ্রিল ২০২১
আগস্ট ১৯৭৫	সেলিম খান	হত্যাকাণ্ড পরবর্তী ঘটনা নিয়ে	২২ আগস্ট ২০২১
মুজিব আমার পিতা	সোহেল মোহাম্মদ রানা	'শেখ মুজিব আমার পিতা' গ্রন্থ অবলম্বনে	১ অক্টোবর ২০২১
চিরঞ্জীব মুজিব	নজরুল ইসলাম	অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে	৩১ ডিসেম্বর ২০২১
রেডিও	অনন্য মামুন	৭ মার্চের ঐতিহাসিক ভাষণ অবলম্বনে	১৭ মার্চ ২০২৩
মাইক	এফ এম শাহীন ও হাসান জাকরুল বিপুল	৭ মার্চের ঐতিহাসিক ভাষণ অবলম্বনে	১১ আগস্ট ২০২৩
দুঃসাহসী খোকা	মুশফিকুর রহমান গুলজার	ছেলেবেলা নিয়ে	২৯ সেপ্টেম্বর ২০২৩
৫৭০	আশরাফ শিশির	বঙ্গবন্ধু হত্যার পরবর্তী ঘটনা নিয়ে	মুক্তি পায়নি

## প্রামাণ্য বা তথ্যচিত্র

নাম	পরিচালক
মধুমতী পারের মানুষটি : শেখ মুজিবুর রহমান	তানভীর মোকাম্মেল
Rahman - The Father of Bengal	নাগাসি ওসিমা (জাপান)
The Speech	ফাখরুল আরেফিন খান
পলাশী থেকে ধানমন্ডি	আবদুল গাফফার চৌধুরী

## অভিনয়ে বঙ্গবন্ধু

মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র 'সংগ্রাম'-এর পরিচালক চাষী নজরুল ইসলাম। চলচ্চিত্রটিতে বঙ্গবন্ধু ছোট্ট এক ভূমিকায় হাজির হন। চলচ্চিত্রটির শেষের দিকে, মুক্তিযুদ্ধের পর সদ্য স্বাধীন দেশের সামরিক বাহিনী বঙ্গবন্ধুকে স্যালুট করেছে। ১৮ জানুয়ারি ১৯৭৪ চলচ্চিত্রটি মুক্তি পায়।





# দেশ জুড়ে

## মাতৃকালীন ছুটি ১২০ দিন

নারী শ্রমিকদের মাতৃকালীন ছুটি ৮ দিন বাড়িয়ে ১২০ দিন করার সিদ্ধান্ত নেয় সরকার। আর এই ছুটি নারী শ্রমিক নিজে ইচ্ছা অনুযায়ী প্রসবের আগে বা পরে সুবিধামতো সময়ে নিতে পারবেন। এমন বিধান রেখে ৯ অক্টোবর ২০২০ মহিলাসভা বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন-২০২০-এর ফসড়া অনুমোদন করে। বর্তমানে নারী শ্রমিকদের মাতৃকালীন ছুটি ১৬ সপ্তাহ (১১২ দিন)। এই ছুটি প্রসবের আগে আট সপ্তাহ ও পরে আট সপ্তাহ নেওয়ার বিধানে ভাগ করা ছিল।

## মেট্রোরেলের নিরাপত্তার MRT পুলিশ

২৮ ডিসেম্বর ২০২২ দেশের প্রথম মেট্রোরেল উদ্বোধনের পর থেকে এর নিরাপত্তা নিশ্চয় ঢাকা মেট্রোপলিটন পুলিশ (DMP)। ২৪ মে ২০২০ মেট্রোরেলের নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষায়িত মেট্রোরেল পুলিশ গঠনের অনুমোদন দেয় সরকার। উত্তরার নিয়াবাড়ি মেট্রোরেলের তিপোতে MRT পুলিশের কার্যালয় নির্ধারণ করা হয়। এরপর ৯ অক্টোবর ২০২০ উত্তরা নর্থ, উত্তরা সাউথ এবং উত্তরা সেন্ট্রাল স্টেশনে এবং ১৬ অক্টোবর আগারগাঁও, কাজীপাড়া এবং শেওড়াপাড়া স্টেশনে MRT পুলিশ ট্রায়াল ডেপুটয়মেন্ট শুরু করে। ২১ অক্টোবর ২০২০ MRT পুলিশ মেট্রোরেলের নিরাপত্তার সকল দায়িত্ব গ্রহণ করে। ২০২০ সালের নভেম্বরে আগারগাঁও মতিঝিল পর্যন্ত উদ্বোধনের পর মেট্রোরেলের এ অংশেরও নিরাপত্তা দেবে MRT পুলিশ।

## ডেঙ্গু টিকার প্রথম সফল পরীক্ষা

বাংলাদেশে প্রথমবারের মতো ডেঙ্গু টিকার সফল পরীক্ষা হয়েছে। আন্তর্জাতিক উদ্যোগে গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (icddr) ও যুক্তরাষ্ট্রের জর্জ টিউমিংস ইনস্টিটিউটের (JVM) ল্যান্ডন কলেজ অব মেডিসিনের গবেষকেরা এই টিকার সফল পরীক্ষা চালান। ডেঙ্গু ভাইরাসের চারটি ধরন— ডেন-১, ডেন-২, ডেন-৩ ও ডেন-৪। টিকার পরীক্ষামূলক প্রয়োগে দেখা যায়, চারটি ধরনের বিরুদ্ধেই এই টিকা অ্যাক্টিভিটি তৈরিতে সক্ষম। ২৭ সেপ্টেম্বর ২০২০ টিকার এই সফল পরীক্ষা নিয়ে একটি প্রতিবেদন আন্তর্জাতিক সাময়িকী ল্যানসেটে প্রকাশিত হয়। এক ডোজের এই টিকার নাম টিডি-০০৫ (টোমোভেনলট)।



## ৩৯ জেলায় ১৫০ সেতু উদ্বোধন

১৯ অক্টোবর ২০২০ দেশের ৩৯ জেলায় ১৫০টি সেতু উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সড়ক ও জনপথ অধিদপ্তরের (RHD) নির্মাণ করা এসব সেতুর পাশাপাশি বিভিন্ন মহাসড়কে ১৪টি ওডারপাসও রয়েছে। সেতুগুলোর মোট দৈর্ঘ্য ৯,৪৫৪ মিটার। এর মধ্যে বিভিন্ন মহাসড়কে অবস্থিত জরাজীর্ণ, অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পর্যায়ে বিদ্যমান বেইলী সেতু প্রতিস্থাপন করে নতুন ১৫টি Reinforced Cement Concrete (RCC) সেতু নির্মাণ করা হয়। উল্লেখ্য, ৭ নভেম্বর ২০২২ দেশের ২৫টি জেলায় ১০০টি সেতু উদ্বোধন করা হয়।

### বিভাগওয়ারি সেতু

বিভাগ	সংখ্যা
ময়মনসিংহ	৪০
ঢাকা	৩২
চট্টগ্রাম	২৭
রাজশাহী	২২
খুলনা	১২
বরিশাল	৮
রংপুর	৮
সিলেট	১

## ওয়াটার ফ্রন্ট স্মার্ট সিটি

ঢাকার কেরানীগঞ্জ চীনা অর্থায়নে নির্মাণ হবে ওয়াটার ফ্রন্ট স্মার্ট সিটি। দেশে এই প্রথম কোনো বিদেশি সংস্থার আবাসন খাতে অর্থ বিনিয়োগ। কেরানীগঞ্জ উপজেলার শুভাত্যা, তেঘরিয়া, কালিন্দী, বাস্তাসহ চারটি ইউনিয়নের ১৭টি মৌজার প্রায় ৪,৮৮৭ একর জমির প্রকল্প ম্যাপ ও ডিজাইন তৈরি করা হয়। ২০২০ সালের ডিসেম্বর থেকে প্রকল্পের কাজ শুরু হবে। বিশাল আয়তনজুড়ে এই ওয়াটার ফ্রন্ট স্মার্ট সিটিতে থাকবে পরিষ্কার লেক, স্কুল ও কলেজ, খেলার মাঠ, মাদ্রাসা, মসজিদ ও পার্ক।

## দেশের বৃহৎ বায়ু বিদ্যুৎকেন্দ্র

৩১ মার্চ ২০২২ কররবাজার সদর উপজেলার খুরুশকুলে সর্বমুদ উপকূল ও বাকখালী নদীর তীরে দেশের সবচেয়ে বড় বায়ু বিদ্যুৎকেন্দ্রের নির্মাণ কাজ শুরু হয়। ২০২০ সালের মে মাস থেকে শুরু হয়ে চার মাস পরীক্ষামূলক উৎপাদনে সফল হওয়ার পর ১২ অক্টোবর ২০২০ বিদ্যুৎ কেন্দ্রটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ২০২০ সালের ডিসেম্বরে কেন্দ্রটি থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হবে। টানের অর্থায়নে বায়ু বিদ্যুৎ প্রকল্পটি বাস্তবায়ন করছে ইউএস-ডিকে গ্রিন এনার্জি বাংলাদেশ লিমিটেড নামে একটি বেসরকারি প্রতিষ্ঠান। প্রকল্পের আওতায় মোট ২২টি উইন্ড টারবাইন বসানো হবে। সবগুলো টারবাইন বসানো হলে বিদ্যুৎকেন্দ্রটি থেকে ৬০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে। বাতাসের নির্দিষ্ট গতিবেগে একেকটি টারবাইন থেকে সর্বোচ্চ ৩ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাবে।

তুরস্কের মুরার নাম তুলি লিরা

## নবাব ফয়জুল্লাহ জমিদার বাড়ি জাদুঘর

২০২০ সালের নভেম্বরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে কুমিল্লার লাকসামের পশ্চিমগাওয়ে অবস্থিত নবাব ফয়জুল্লাহ জমিদারবাড়ি জাদুঘর। উপমহাদেশের প্রথম মুসলিম মহিলা নবাব ফয়জুল্লাহ চৌধুরানী। ২ জুন ২০২০ নওয়াব ফয়জুল্লাহর বাড়ি জাদুঘর করার ঘোষণা দেওয়া হয়। ২০ সেপ্টেম্বর ২০২০ জাদুঘর প্রতিষ্ঠার লক্ষ্যে প্রমুখতর অধিদপ্তর ও জাতীয় জাদুঘরের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়।



## দেশের সবচেয়ে উঁচু বরনা

প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি বান্দরবান। এ জেলার সাত উপজেলার ছড়িয়ে ছিটিয়ে রয়েছে অসংখ্য বরনা। একেই বরনার সৌন্দর্য একে রকম। বর্ষাকালীন বরনাগুলোর মধ্যে দেশের সবচেয়ে উঁচু বরনা লাংলোক। এ বরনার উচ্চতা ৩৮৯ ফুট। স্থানীয়দের ভাষায় লাংলোক মানে বাবুড় বরনা। এ বরনার কাছে বাবুড়ের একটি গুহা রয়েছে। আর বাবুড়ের কারণেই বরনাটির নামকরণ হয় লাংলোক। এ বরনায় মূলত বর্ষাকালেই পানির প্রবাহ বেশি থাকে। বছরের অন্য সময়ে অল্প প্রবাহ হয়। আগে বরনাটি খুব বেশি পরিচিত ছিল না।

## জয়িতা টাওয়ার উদ্বোধন

১৭ অক্টোবর ২০২০ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকার ধানমন্ডি এলাকায় নব-নির্মিত জয়িতা টাওয়ার উদ্বোধন করেন। ১ ডিসেম্বর ২০২১ ধানমন্ডি ২৭ (পুরোনো) সড়কে ১ বিঘা জমিতে ১৬৮ কোটি টাকা ব্যয়ে ১২ তলা বিশিষ্ট জয়িতা টাওয়ার নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়।

## এইচপিডি টিকা কর্মসূচি

১৫ অক্টোবর ২০২০ জরায়ুমুখ ক্যান্সারে মৃত্যু শূন্যের কোঠায় নামিয়ে আনার লক্ষ্যে এইচপিডি টিকাদান কার্যক্রম শুরু হয়। এর আগে ২ অক্টোবর ২০২০ 'এক ডোজ এইচপিডি টিকা দিন, জরায়ু ক্যান্সার রুখে দিন', এ প্রতিপাদ্য নিয়ে পরীক্ষামূলকভাবে শুরু হয় 'এইচপিডি টিকাদান ক্যাম্পেইন-২০২০'। বাংলাদেশ সরকারের সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় UNICEF, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এবং দ্যা ড্যাকসিন অ্যালায়েন্স (GAVI)-এর সহযোগিতায় এ ড্যাকসিন কার্যক্রম স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত হয়। প্রাথমিকভাবে শুধু ঢাকা বিভাগের বিভিন্ন স্কুলে টিকা প্রদান করা হয়। ২০২৪ সালের এপ্রিলে বরিশাল এবং চট্টগ্রাম বিভাগ এবং আগস্টে দেশের বাকি পাঁচ বিভাগে দেওয়া হবে এই টিকা।

- টিকা গ্রহণের সুবিধা > এইচপিডি টিকা জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধ করে • ৫ম-৯ম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রী অথবা ১০-১৪ বছর বয়সি শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত কিশোরীদের জন্য এ টিকা অধিকতর কার্যকর • এইচপিডি টিকা বিশ্বব্যাপী পরীক্ষিত, নিরাপদ ও কার্যকর।
- টিকা গ্রহণের স্থান > ছাত্রী-অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে • শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সি কিশোরী-ইপিআই টিকাদান কেন্দ্রে।
- গ্রহণকারী > ৫ম-৯ম শ্রেণি অথবা সমমানে অধ্যয়নরত ছাত্রী • শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সি কিশোরী।
- ডোজ সংখ্যা > ১টি।

## ভিন্সা ছাত্রী গুমরাহ পালন

৩ অক্টোবর ২০২০ ঢাকার নিযুক্ত সৈনিক রাষ্ট্রদূত ইয়া বিন ইউসুফ আল-নুইয়ান জনন বাংলাদেশের নারিকারা ভিন্সা ছাত্রী সৈনিক আরবে গুমরাহ পালন করতে পারেন। তবে এ ক্ষেত্রে তাদের সার্বিনিয়া এয়ারলাইন্স বা সৈনিক অফিসের জাতীয় মালিকানাধীন বিমানের টিকিটের ব্যয়ী হতে হবে। ট্রানজিট ব্যয়ীরা ৯৬ বছর জন্ম সৈনিকের অবস্থান করে গুমরাহ পালন করতে পারবেন। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও সেনেগাল ভিন্সা থাকলেও গুমরাহ পালন করা যাবে। এছাড়া কোনো এজেন্সি সহায়তা ছাত্রী নুসক আপে নিবন্ধন করে যে কেউ গুমরাহ ভিন্সা করতে পারবেন।

## কৃষি উন্নয়নে মেগা প্রকল্প

কৃষিকে উর্বর্য বাংলাদেশের জন্ম ট্রেন্ডই ও নিরাপদ খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ১১ অক্টোবর ২০২০ Program on Agricultural and Rural Transformation for Nutrition, Entrepreneurship, and Resilience (PARTNER) প্রকল্প আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এটি কৃষির উন্নয়নে এখন পর্যন্ত নেওয়া সবচেয়ে বড় প্রকল্প। PARTNER প্রকল্পটি পাঁচ বছরে বাস্তবায়ন করা হবে। জুলাই ২০২০-জুন ২০২৮ সময়সীমায় ৬৪ জেলার ৪৯৫ উপজেলায় এটি বাস্তবায়িত হবে। প্রাকল্পিত ব্যয় ধরা হয় ৭,২১৪ কোটি টাকা। এর মধ্যে সরকারি অর্থায়ন ১,৪৫৪ কোটি টাকা। ১৮ এপ্রিল ২০২০ একহনক প্রকল্পটি অনুমোদন করে।



তুরস্কের কেন্দ্রীয় ব্যাংক Central Bank of the Republic of Turkey

# অর্থ-বাণিজ্য



## অপ্রাপ্তবয়স্কদের জন্য মোবাইল ব্যাংকিং

৩ অক্টোবর ২০২৩ বাংলাদেশ ব্যাংক প্রজ্ঞাপন জারি করে ১৪-১৮ বছর বয়সীদের ব্যাংক হিসাব খোলার সুযোগ করে দেয়। এ হিসাব খোলা যাবে বিকাশ, রকেট ও নগদের মতো মোবাইল আর্থিক সেবানামা (MFS) প্রতিষ্ঠানগুলোতে যার নাম MFS ব্যাংক হিসাব। তবে অভিভাবকদের পরিচয়পত্র ব্যবহার করে এই হিসাব খুলতে হবে। এই হিসাবে দৈনিক সর্বোচ্চ ৫,০০০ মাসে ৩০,০০০ টাকা পর্যন্ত জমা করা যাবে। দিনে ৫,০০০ মাসে ২৫,০০০ টাকা উত্তোলন করা যাবে। এক হিসাব থেকে অন্য হিসাবে দিনে ৫,০০০ ও মাসে ১৫,০০০ টাকা পাঠানো যাবে। নবীনদের হিসাব থেকে বিল পরিশোধ, শিক্ষা ফি, মার্কেট বিল ইত্যাদি পরিশোধ করা যাবে। তবে দিনে ও মাসে সর্বোচ্চ পরিশোধ সীমা যথাক্রমে ৫,০০০ এবং ২০,০০০ টাকা। এই হিসাবের সর্বোচ্চ স্থিতি হবে ৩০,০০০ টাকা।

## নতুন পেমেন্ট সিস্টেম অপারেটর

২৬ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ব্যাংক পেপারলেস লিমিটেডকে পেমেন্ট সিস্টেম অপারেটর (PSO) লাইসেন্স দেয়। বাংলাদেশ ব্যাংক কর্তার, ১৯৭২ এর ৭ (এ) (ই) ধারার ক্ষমতাবলে জারি করা বাংলাদেশ পেমেন্ট আন্ড সেটেলমেন্ট সিস্টেম রেগুলেশন ২০১৪ অনুসারে বাংলাদেশ ব্যাংক পেপারলেস লিমিটেডকে পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্টের শর্ত সাপেক্ষে দেশের অভ্যন্তরে পেমেন্ট সিস্টেম অপারেটর হিসেবে লাইসেন্স প্রদান করে।

## ডিজিটাল ব্যাংক অনুমোদন

২২ অক্টোবর ২০২৩ বাংলাদেশ ব্যাংক দেশে প্রথমবারের মতো ডিজিটাল ব্যাংক গঠনের প্রাথমিক অনুমোদন দেয়। প্রথমে দুটিকে Letter of Intent (LOI) বা সম্মতিপত্র দেওয়া হয়। পর্যায়ক্রমে আরও ছয়টি পাবে। LOI পাওয়া ডিজিটাল ব্যাংকগুলো হলো— নগদ ডিজিটাল ব্যাংক ও কড়ি ডিজিটাল ব্যাংক। তিন প্রতিষ্ঠানকে ডিজিটাল উইং চালুর অনুমতি দেওয়ার সিদ্ধান্ত হয়। এগুলো হলো— ডিজিটাল ডিজিটাল ব্যাংক, বিকাশ ডিজিটাল ব্যাংক ও ব্যাংক এশিয়া ডিজিটাল ব্যাংক। এছাড়া দুই পূর্ণাঙ্গ ডিজিটাল ব্যাংক চালুর ৬ মাস পর সেবা পর্যালোচনা করে আরও তিন ব্যাংককে পূর্ণাঙ্গ অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত হয়। ব্যাংকগুলো হলো— স্মার্ট ডিজিটাল ও জাপান-বাংলা



## নীতি সুদহার বৃদ্ধি

৪ অক্টোবর ২০২৩ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক নীতি সুদহার বা রেপো রেট একবারে ০.৭৫% পয়েন্ট বাড়ানোর সিদ্ধান্ত নেয়। ফলে নতুন নীতি সুদহার বা রেপো রেট এখন ৭.২৫%। এর ফলে কেন্দ্রীয় ব্যাংক থেকে ব্যাংকগুলো যে টাকা ধার করে, তার সুদহার বাড়বে। পাশাপাশি ব্যাংকগুলোতে রাখা আমানত ও ব্যাংকগুলোর সুদহারও বাড়বে।

■ নীতি সুদহার : কেন্দ্রীয় ব্যাংক যে সুদহারে তফসিলি ব্যাংকগুলোকে ঋণ সময়ের জন্য ঋণ দেয়, সেটাই নীতি সুদহার বা Repo Rate। এটির বাংলা পুনঃক্রয় মর্জি (Repurchase Agreement বা Repurchase Option)। এটি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের জন্য মুদ্রানীতির একটি অন্যতম হাতিয়ার হিসেবে পরিচিত।

## কর গোয়েন্দা ইউনিট

কর ফাঁকি বাজদের ধরতে এবার কর গোয়েন্দা ইউনিট গঠনের পরিকল্পনা করছে জাতীয় রাজস্ব বোর্ড (NBR)। বিশেষায়িত এ ইউনিট চালু হলে শুধু আয়কর ফাঁকি দেয়— এমন বড় কর ফাঁকি বাজদের ধরা সহজ হবে। নতুন এ গোয়েন্দা সেল চালুর জন্য এই মধ্য জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে অনুমোদনও নেওয়া হয়। বর্তমানে NBR'র অধীনে কেন্দ্রীয় গোয়েন্দা সেল (CIC) নামে একটি বিশেষায়িত রাজস্ব গোয়েন্দা সেল কাজ করছে। উল্লেখ্য, ভারতের অর্থনৈতিক খাতের গোয়েন্দা সংস্থা Enforcement Directorate (ED) অত্যন্ত শক্তিশালী প্রতিষ্ঠান। এই সংস্থাটির আদলে কাজ করবে দেশের আয়কর গোয়েন্দারা।

## মূল্যস্ফীতির নতুন ভিত্তি বছর

২০২১-২২ বছরকে ভিত্তি বছর ধরে ২০২৩ সালের এপ্রিল থেকে হিসাব করা হচ্ছে মূল্যস্ফীতির নতুন ভিত্তি বছর। এর আগ পর্যন্ত ২০০৫-০৬ অর্থবছরকে ভিত্তি বছর ধরে এ হিসাব করা হতো। পাশাপাশি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এখন থেকে জাতিসংঘ অনুমোদিত Classification of Individual Consumption by Purpose (COICOP) ২০১৮' অনুসারে মূল্যস্ফীতি গণনা করছে। COICOP পদ্ধতিতে এক ভোক্তার চাহিদা অনুসারে খরচের প্রবণতা ধরে মূল্যস্ফীতি হিসাব করা হয়। এ পর্যন্ত দেশে মূল্যস্ফীতি গণনার ভিত্তি বছর করা হয় ৫টি। অন্য ৩টি হলো— ১৯৭৩-৭৪, ১৯৮৫-৮৬ ও ১৯৯৫-৯৬।

■ মূল্যস্ফীতি : অর্থনীতিবিদরা আগের বছর বা মাসের সঙ্গে তুলনা করে কোনো নির্দিষ্ট সময়কালের সঙ্গে বর্তমানের তুলনা করে খাদ্য, কাপড়, পোশাক, বাড়ি, সেবা ইত্যাদি বিভিন্ন উপাদানের মূল্য বৃদ্ধির যে পার্থক্য যাচাই করেন সেটাই মূল্যস্ফীতি। মূল্যস্ফীতি সাধারণত দুই ধরনের— খাদ্য মূল্যস্ফীতি এবং খাদ্য বাইর্জুত মূল্যস্ফীতি।



# বিশ্বমঞ্চে বাংলাদেশ

## SATRC'র চেয়ারম্যান

৩ অক্টোবর ২০২৩ দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক সংস্থার (SATRC) চেয়ারম্যান নির্বাচিত হন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (BTRC) চেয়ারম্যান শ্যাম সুন্দর সিকদার।



টাকায় SATRC'র আন্তর্জাতিক সম্মেলনে তিনি চেয়ারম্যান নির্বাচিত হন। BTRC আয়োজিত সম্মেলনটি উদ্বোধন করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এ সম্মেলনে দক্ষিণ এশিয়ার ৯টি দেশ অংশ নেয়। দেশগুলো হলো— বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভূটান, আফগানিস্তান, মালদ্বীপ ও ইরান।

## দুই শিক্ষার্থীর আন্তর্জাতিক সাফল্য

১৭-২৩ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত ফিলিপাইনের বোরাক উপদ্বীপে এশিয়ার ২২টি দেশের স্থপতিদের সংগঠন 'ইনসিটিউট অব আর্কিটেক্টস' এক মিলনমেলায় আয়োজন করে। ২০তম এ আয়োজনকে আর্কিটেক্টস রিজিওনাল কাউন্সিল এশিয়া, যাকে সর্বাধিকরূপে আর্ক এশিয়া শিরোনামে নামকরণ করা হয়। ইন্টারন্যাশনাল ইউনিয়ন অব আর্কিটেক্টস প্রতি বছর স্থাপত্যসংক্রান্ত নানা প্রতিযোগিতা ও সেমিনার আয়োজন করে। এবারের আয়োজনে বছরের সেরা গবেষণা বিভাগে রৌপ্যপদক লাভ করেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ফাহিম আসহাব ফারুকী এবং ব্রাহ্ম জিতেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রী ইসরাত জাহান। ফাহিমের গবেষণার শিরোনাম ছিল 'ইকোস অব রিপ্রেজিন্টেশন', অর্থাৎ পরিপূরণের প্রতিচ্ছবি। অন্যদিকে, ইসরাত যে খিসিসের জন্য আর্ক এশিয়ায় ব্রোশপদক পান, সেটিও মানুষের জীবনকেন্দ্রিক।

## জাতিসংঘ উপদেষ্টা পরিষদের সদস্য

২৫ সেপ্টেম্বর ২০২৩ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (DNCC) মেয়র মো. আতিউল ইসলাম জাতিসংঘের স্থায়ী ও আঞ্চলিক সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য হিসেবে মনোনীত হন। এই উপদেষ্টা পরিষদের মোট সদস্য ১৫ জন। এশিয়া ও পাসিফিক অঞ্চল থেকে DNCC মেয়র মো. আতিউল ইসলাম এবং ফিলিপাইনের মাকাত শহরের মেয়র আবি বিনায় মনোনয়ন পান। অন্য সদস্যদের মধ্যে ইউরোপের ও. অফ্রিকার ও. উত্তর আমেরিকার ২, ল্যাটিন আমেরিকা ও ক্যারিবীয় অঞ্চলের ৩ এবং মধ্যপ্রাচ্য ও মধ্য আফ্রিকা থেকে ২ জন। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনে এবং আধুনিক শহর গড়তে স্থানীয় ও আঞ্চলিক পর্যায়ে এ উপদেষ্টা পরিষদ করণীয় বিষয় নির্দিষ্টকরণে ভূমিকা রাখবে।

## IAEA বোর্ড অব গভর্নরদের সদস্য

২৮ সেপ্টেম্বর ২০২৩ আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থার (IAEA) বোর্ড অব গভর্নরদের সদস্য নির্বাচিত হন বাংলাদেশ। ২০২৩-২০২৪ মেয়াদে বাংলাদেশের ১১টি দেশ দুই বছরের জন্য বোর্ড অব গভর্নরদের সদস্য নির্বাচিত হয়। এই বোর্ডের মোট সদস্য



IAEA

বিশ্বের সবচেয়ে বড়। অফিসিয়াল ভাষায় ইংরেজি। IAEA'র ৬৭তম সাধারণ সঞ্চয়নের পূর্ণাঙ্গ আবেদনের সূত্র্য দিনে এ নিবন্ধন অনুষ্ঠিত হয়। সংস্থাটির দুটি নীতিনির্ধারণী কর্মসূচির মধ্যে বোর্ড অব গভর্নরস একটি। এই বোর্ড IAEA'র আর্থিক বিবরণী, কর্মসূচি ও বাজেট পরীক্ষা করে এবং সাধারণ সঞ্চয়নে সুপারিশ পাঠায়। সাধারণ সঞ্চয়নের অনুমোদনের ভিত্তিতে IAEA'র মহাপরিচালক নিয়োগ দেয় বোর্ডটি।

## আল-আজহারে সেরা ও বাংলাদেশি

মিসরের আল-আজহার বিশ্ববিদ্যালয়ে হাফিস বিভাগের স্নাতক চার বছরের সমাপ্তিগত ফলাফলে বিদেশি শিক্ষার্থীদের মধ্যে সেরা দেশের তালিকায় জায়গা করে নেয় বাংলাদেশি তিন শিক্ষার্থী। তারা হলেন— পাকবর মুহম্মদ তাওহীদুল ইসলাম, ব্রাহ্মণবাড়িয়ার জাফর উল্লাহ এবং কুমিল্লার মুহম্মদ প্রকৃষ সালাম। ২০ সেপ্টেম্বর ২০২৩ আল-আজহার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের ভেবিভাগেই অফিসিয়াল ফেসবুক পেজে স্নাতক মেধা তালিকার ফলাফল প্রকাশ করে।

## প্যারিসে প্রথম স্থায়ী শহীদ মিনার

ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে শিল্প-সাহিত্য, সংস্কৃতির তীর্থমুখি ফ্রান্সের প্যারিসে নির্মিত হয় প্রথম স্থায়ী শহীদ মিনার। ৮ অক্টোবর ২০২৩ প্যারিসের বিখ্যাত সেন ডেনিস ইউনিভার্সিটির বানাত মার্চ স্কয়ারে নির্মিত এ শহীদ মিনারের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। প্যারিসের মাটিতে বাংলাদেশের কেন্দ্রীয় শহীদ মিনারের নকশা অনুযায়ী, এটি তৈরি করতে প্রায় ৩০,০০০ ইউরো খরচ হয়। ২১ ফেব্রুয়ারি ২০২৪ স্থায়ী শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানাতে পারবেন সর্বসাধারণ। প্যারিসে প্রথম শহীদ মিনার হলেও ফ্রান্সে দ্বিতীয় স্থায়ী শহীদ মিনার এটি। ইতিপূর্বে ফ্রান্সের তুলুজ শহরে প্রথম স্থায়ী শহীদ মিনার স্থাপন করা হয়।





# শিক্ষাবার্তা

## UGC'র খণ্ডকালীন সদস্য

২৫ সেপ্টেম্বর ২০২৩ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (UGC) খণ্ডকালীন সদস্য হিসেবে মনোনয়ন পান ৩ সরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। তারা হলেন— জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইমদাদুল হক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ মাহফুজুল ইসলাম এবং চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. মো. ইসমাইল খান। ৫ অক্টোবর ২০২৩ থেকে পরবর্তী দুই বছরের জন্য এ ৩ জন খণ্ডকালীন সদস্য হিসেবে মনোনীত হন।

## দেশের প্রথম নারী রেজিস্ট্রার

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী রেজিস্ট্রার হন কাকেরী মজুমদার। ১০ অক্টোবর ২০২৩ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (BUTEX)-এর ৮০তম সিডিকেট সভায় কাকেরী মজুমদারকে রেজিস্ট্রার পদে নিয়োগ দেওয়া হয়।



## ৬ জেলায় বিশ্ববিদ্যালয় করার উদ্যোগ

৪ অক্টোবর ২০২৩ ছয় জেলায় নতুন ৬টি বিশ্ববিদ্যালয় স্থাপনের সুপারিশ করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (UGC)। জেলাগুলো হলো রাজবাড়ী, ভোলা, জয়পুরহাট, কক্সবাজার, নড়াইল ও বরগুনা। বর্তমানে দেশে ৫৪টি সরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে সম্প্রতি ৩টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য আইনের খসড়া অনুমোদন দেওয়া হয়। এ ৩টি হচ্ছে দেশে সরকারি বিশ্ববিদ্যালয় হবে ৫৭টি। দেশে অনুমোদিত বেসরকারি বিশ্ববিদ্যালয় সংখ্যা ১১৩টি। UGC'র কাছে নতুন এই ৬টিসহ ৯ জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব যাত্র। এগুলোর মধ্যে ময়মনসিংহ, রংপুর ও গাইবান্ধা জেলার বিষয়ে সুপারিশ করেন UGC।

## নবম শ্রেণিতে থাকছে না বিভাগ বিভাজন

'জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০১১' অনুযায়ী, ২০২৪ শিক্ষাবর্ষ থেকে মাধ্যমিকের নবম শ্রেণিতে বিভাগ (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) বিভাজন থাকছে না। সকল শিক্ষার্থীকেই মাধ্যমিক পর্যন্ত অভিন্ন বিষয় পড়তে হবে। ২৩ অক্টোবর ২০২৩ শিক্ষা মন্ত্রণালয় বিভাগ বিভাজন না থাকার বিষয়ে প্রশাসনিক অনুমোদন দেয়। উল্লেখ্য, ১৩ সেপ্টেম্বর ২০২১ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের শিক্ষাক্রমের নতুন রূপরেখার খসড়া নীতিগত অনুমোদন দেন।

## সাপ্তাহিক নতুন শিক্ষাক্রম

- ২০২৩: প্রথম, ষষ্ঠ ও সপ্তম শ্রেণি
- ২০২৪: দ্বিতীয়, তৃতীয়, অষ্টম ও নবম শ্রেণি
- ২০২৫: চতুর্থ, পঞ্চম ও দশম শ্রেণি
- ২০২৬: একাদশ শ্রেণি



নতুন শিক্ষাক্রমে চিহ্নভিত্তিক মূল্যায়ন পাবলিক পরীক্ষায় খারাপ রেজাল্টের কারণে অনেক শিক্ষার্থীর মেধা ও দক্ষতা প্রত্নীত হয় না। তাই নতুন প্রণীত শিক্ষাক্রমে এমন সংকেত থেকে শিক্ষার্থীদের বের করবে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB)। এ লক্ষ্যে এসএসসি ও এইচএসসির মতো পাবলিক পরীক্ষায় নথরভিত্তিক মূল্যায়ন বাদ দেওয়া হবে। থাকবে না দুই যুগ ধরে প্রচলিত জিপিএ পদ্ধতিও এবং সমান্তর ঘটবে জিপিএ-৫ কিংবা গোল্ডেন জিপিএ-৫। এখন থেকে শিক্ষার্থীদের মেধা মূল্যায়নে ব্যবহার হবে পারফরম্যান্স 'ইন্ডিকটর', অর্থাৎ বিশেষ পারদর্শিতার 'চিহ্ন'। ২০২৬ সালের এসএসসি পরীক্ষার্থীদের এ প্রক্রিয়ায় মূল্যায়ন শুরু হবে।

## টাইমস হায়ার এডুকেশন র্যাংকিং


প্রকাশ: সেপ্টেম্বর ২০২৩ | প্রকাশক: যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী Times Higher Education (THE) | অন্তর্ভুক্ত বিশ্ববিদ্যালয়: ১০৮টি দেশের ১,৯০৪টি | প্রতিবেদনের শিরোনাম: World University Rankings 2024।

## র্যাংকিং অনুযায়ী—

- শীর্ষ বিশ্ববিদ্যালয়: অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়
- বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে র্যাংকিংয়ে ৯টি বিশ্ববিদ্যালয় স্থান পায়।
- ৮০১-১০০০ এর মধ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।
- ১০০১-১২০০ এর মধ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বুয়েট এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়।
- ১২০১-১৫০০ খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

## দেশে প্রথম পিতৃত্বকালীন ছুটি

২৬ সেপ্টেম্বর ২০২৩ মাতৃত্বকালীন ছুটির পাশাপাশি প্রথমবারের মতো পিতৃত্বকালীন ছুটির বিধান চালু করে সিরাজগঞ্জের শাহজাদপুরের নবীন্দ্র বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের ২৪তম সিডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সিদ্ধান্ত মোতাবেক সব ছুটির সাথে ১৫ দিনের জন্য পিতৃত্বকালীন ছুটির বিধান চালু হয়। শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীরা সর্বোচ্চ দুবার পিতৃত্বকালীন ছুটি নেওয়ার সুযোগ পাবেন। পিতৃত্বকালীন ছুটির বিধান থাকার ফলে মায়ের পাশাপাশি পিতাও সন্তানকে দেখাশোনার সুযোগ পাবেন।



# আকাশ-মহাকাশ

## ইন্টারনেট সেবার রকেট উৎক্ষেপণ

তলন মার্শের স্টারলিথের ব্রহ্মব্যাজ নেটওয়ার্কের সঙ্গে প্রতিযোগিতায় নামছে জেফ বেজোসের অ্যামাজন। ইন্টারনেট পরিষেবা দিতে ৬ অক্টোবর ২০২৩ মহাকাশে পরীক্ষামূলক উপগ্রহ স্থাপন করে অ্যামাজনের কুইপার ইন্টারনেট নেটওয়ার্ক। অ্যামাজন দুটি প্ল্যাটেফর্ম স্যাটেলাইট উৎক্ষেপণ করেছে। উৎক্ষেপণ করা দুটি ছোট স্যাটেলাইট কুইপারস্যাটি-১ ও কুইপারস্যাটি-২। অ্যাটলাস-৫ রকেটের মাধ্যমে স্যাটেলাইট দুটিকে স্পৃষ্ট থেকে ৫০০ কিমি ওপরের কক্ষপথে নিয়ে যাওয়া হয়। অ্যামাজন আশা করছে বছরের মধ্যে আরও ৩,২৩৬টি স্যাটেলাইট স্থাপন করার পরিকল্পনা আছে নিয়েছে। আর মাধ্যমে বিশ্বব্যাপী ব্রহ্মব্যাজ ইন্টারনেট সেবা দেবে প্রতিষ্ঠানটি। অ্যামাজন ২০১৯ সালে প্রথমবারের মতো কুইপার পরিকল্পনাটির ঘোষণা দেয়।

বিষয়	পূজের কুইপার	স্টারলিথ
প্রতিষ্ঠা	এপ্রিল ২০১৯	২০১৯ সালে
প্রতিষ্ঠাতা	জেফ বেজোস	ইলন মাস্ক
সদর দপ্তর	ওয়ারিংটন যুক্তরাষ্ট্র	যুক্তরাষ্ট্র

## ইউরোপের প্রথম বেসরকারি রকেট উৎক্ষেপণ

ইউরোপে প্রথমবারের মতো সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে রকেট উৎক্ষেপণ করা হয়। ৭ অক্টোবর ২০২৩ স্পেনের বেসরকারি কোম্পানি পিএলটি পেন্স রকেটটি উৎক্ষেপণ করে। স্পেনের আন্দালুসিয়ার দক্ষিণাঞ্চলের একটি সামরিক ঘাট থেকে 'মিউরা-১' নামে রকেটটি উৎক্ষেপণ করা হয়। রকেটটি সকল 'প্রযুক্তিগত উদ্দেশ্য' অর্জন করতে সক্ষম হয়। এটি ক্যাডিজ উপসাগর থেকে ৪৬ কিমি উপরে উঠে এবং উড্ডয়নের ৫ মিনিট পর এটি অটোম্যাটিক মহাসাগরে অবতরণ করে।

## গ্রহাণুর ধূলা নিয়ে ফিরল নাসার যান

২৪ সেপ্টেম্বর ২০২৩ সফলভাবে পৃথিবীতে বেনু গ্রহাণুর 'মাটি' নিয়ে আসে যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসার অনুসন্ধান যান ওয়াইরাস-রেঞ্জ। ২৫০ গ্রাম মাটিসহ যানটির বিশেষ ক্যাপসুল যুক্তরাষ্ট্রের ইউটা অঙ্গরাজ্যের মরুভূমিতে নামে। এ পর্যন্ত মহাকাশের কোনো গ্রহাণু থেকে সংগ্রহ করা এটাই সবচেয়ে বড় নমুনা। আর নাসার ফেরে প্রথম কোনো গ্রহাণুর নমুনা সংগ্রহের ঘটনা। ক্যাপসুলটি অবতরণের পরপরই একটি 'ক্রিন ক্রমে' প্রাথমিকভাবে পরিষ্কারের জন্য নেওয়া হয়।

## ধাতব গন্তব্যে প্রথম মিশন

সূর্য থেকে প্রায় সাত্বে ২৩ কোটি থেকে ৩১ কোটি ৮১ লাখ মাইল দূরে যুগে 'সাইকি' নামের এক গ্রহাণু। বিজ্ঞানীদের ধারণা, এটি সৌরজগৎ পৃথিবী, মঙ্গল ও বুধসম্পর্কিত গ্রহের কক্ষপথের মধ্যে রয়েছে। অমসংকে সৌরজগতের প্রথম গ্রহাণু বৈশি। আর সেখানেই পৃথিবী জন্মে মার্কিন গবেষণা সংস্থা নাসা। 'সাইকি' গ্রহাণুর মাধ্যমে নাসা এই প্রথমবারের মতো কোনো ধাতু অনুসন্ধান যাবে। ১৩ অক্টোবর ২০২৩ গ্রহাণুর উদ্দেশ্যে উৎক্ষেপিত নাসার মহাকাশযানটির নামও 'সাইকি'। উৎক্ষেপণের পর মিশনটি ২০২৯ সালে সাইকি কক্ষপথে পৌঁছাবে। ১৭ মার্চ ১৮৫২ ইতালীয় জ্যোতির্বিজ্ঞানী অস্ত্রাবলে সে গ্যাসপারিস আবিষ্কার করেন এ গ্রহাণুটি। সাইকি 'প্রামাণ্যের সৌরজগতের বৃহত্তম' 'এম-টাইপ' বা ধাতব গ্রহাণু। শিলাটির প্রশস্ততা এর সবচেয়ে চওড়া অংশে ১৭৩ মাইল। আর লম্বা এটি ১৪৪ মাইল।

## সুক্র গ্রহে নজর ইসরোর

২৩ আগস্ট ২০২৩ চাঁদের দক্ষিণ মেরু অঞ্চলে সফলভাবে চন্দ্রযান-৩ অবতরণ করে। এরই মধ্যে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ISRO) এখন সুক্র গ্রহের দিকে নজর দিয়েছে। অননুষ্ঠানিকভাবে নতুন অভিযানের নাম দেওয়া হয় 'অক্রমান-১'। সৌরজগতে সূর্য থেকে নিকটে দ্বিতীয় গ্রহ সুক্র (প্রথমে বুধ) এবং তার পরেই পৃথিবীর অবস্থান। এ কারণে এটি 'পৃথিবীর যমজ' হিসেবে পরিচিত। ২৬ সেপ্টেম্বর ২০২৩ ইন্ডিয়ান ন্যাশনাল স্পেস একাডেমিতে (INSA) দেওয়া ভাষণে ইসরো চেয়ারম্যান জানান, ISRO সুক্র গ্রহকে পর্যবেক্ষণের একটি অভিযান পরিকল্পনা করছে।



# বিশ্ব জুড়ে



## ■ BRI সম্মেলন

চীনের উচ্চাভিলাষী প্রকল্প Belt and Road Initiative (BRI)। এক লাখ কোটি ডলারের BRI প্রকল্পের লক্ষ্য বৃহৎ অবকাঠামো নির্মাণ এবং বিনিয়োগের মাধ্যমে চীনকে বিশ্বের সুউচ্চ স্থানে নিয়ে যাওয়া। BRI'র আন্তর্জাতিক রাজনৈতিক ও অর্থনৈতিক ফোরাম Belt and Road Forum for International Cooperation (BRFIC) যা Belt and Road Forum নামে পরিচিত। ১৭-১৮ অক্টোবর ২০২৩ চীনের রাজধানী বেইজিংয়ে BRI'র তৃতীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। এবারের সম্মেলনে চীন ও রাশিয়ার প্রেসিডেন্টের পাশাপাশি অংশ নেন বিশ্বের ১৩০টি দেশের নেতা বা প্রতিনিধিরা। ইউরোপের একমাত্র প্রতিনিধি হিসেবে সম্মেলনে অংশ নেন হাঙ্গেরির ডানপন্থী প্রধানমন্ত্রী ভিষ্টর ওরবান।

## ■ ফিলিস্তিনে প্রথম সৌদি রাষ্ট্রদূত

ফিলিস্তিনে সৌদি আরবের প্রথম রাষ্ট্রদূত হিসেবে যোগ দেন নায়েফ বিন বান্দার আল-সুদাইরি। ২৬ সেপ্টেম্বর ২০২৩ ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের কাছে তিনি তার পরিচয়পত্র পেশ করেন। নায়েফ আল-সুদাইরি জর্ডান থেকে কারামা ফ্রন্সিং পার হয়ে দুই দিনের সফরে ফিলিস্তিন যান। ১৯৯৩ সালে ঐতিহাসিক অসলো চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর এটিই সৌদি প্রতিনিধিদলের প্রথম পশ্চিম তীর সফর। এর আগে ১২ আগস্ট ২০২৩ সৌদি আরব জর্ডানে নিযুক্ত রাষ্ট্রদূত সুদাইরিকে ফিলিস্তিনির অনাবাসিক রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেয়।

## ■ সমুদ্রের ওপর বুলেট ট্রেন

চীন এমন একটি দ্রুতগতির ট্রেন চালু করেছে, যেটি সমুদ্রের ওপর নির্মিত রেললাইনে ছুটে চলে। চীনের দক্ষিণ-পূর্বাঞ্চলের ফুজিয়ান প্রদেশের উপকূলে চলেছে এই ট্রেন। ২৭৭ কিমি দীর্ঘ রেললাইন যুক্ত করেছে কাংঝোউ, জিয়ামেন ও ফুজহোউ শহরকে। এই পথে

চলাচলকারী ট্রেনের সর্বোচ্চ গতি ঘন্টায় ৩৫০ কিমি। ২৮ সেপ্টেম্বর ২০২৩ এ পথে প্রথম দ্রুতগতির ট্রেন চালু হয়। এই রেলপথে ৮৪টি সেতু



ও ২৯টি টানেল রয়েছে। সেই সঙ্গে ২০ কিমি রেলপথ বানানো হয় সমুদ্রের ওপরে। চীনে এটিই প্রথম সমুদ্রের ওপর দিয়ে ছুটে চলা বুলেট ট্রেন। ২০১৬ সালে এই রেললাইনের নির্মাণকাজ শুরু হয়। Eight Horizontal and Eight Vertical প্রকল্পের আওতায় এই রেললাইন নির্মাণ করা হয়। তাইওয়ান প্রণালি পেরিয়ে মাত্র ২.৫ মাইল দূরে জিয়ামেন শহরের অবস্থান।

## ■ মালদ্বীপের নতুন প্রেসিডেন্ট

৩০ সেপ্টেম্বর ২০২৩ মালদ্বীপে অনুষ্ঠিত প্রেসিডেন্ট নির্বাচনে দ্বিতীয় দফার ভোটে জয়ী হন বিরোধী দল পিপলস ন্যাশনাল কংগ্রেসের (PNC) মোহাম্মদ মুইজ্জু। ৯ সেপ্টেম্বর



২০২৩ মালদ্বীপে প্রথম দফায় প্রেসিডেন্ট নির্বাচনে সর্বোচ্চ ভোট পাওয়া এ দুই প্রার্থীর মধ্যে দ্বিতীয় দফার ভোট হয়। দ্বিতীয়

দফায় মোহাম্মদ মুইজ্জু পান ৫৪.০৪% ভোট আর ক্ষমতাসীন প্রেসিডেন্ট মোহাম্মদ সলিহ ৪৫.৯৬% ভোট। ১৭ নভেম্বর ২০২৩ মোহাম্মদ মুইজ্জু দেশটির নতুন প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন। দেশটির নিয়ম অনুযায়ী ভোটে কোনো প্রার্থী একক সংখ্যাগরিষ্ঠতা (৫০% বেশি ভোট) না পেলে নির্বাচন দ্বিতীয় দফায় গড়ায়। প্রথম দফার নির্বাচনে মুইজ্জু পান ৪৬.০৬% ভোট। আর সলিহ ৩৯.০৫%। মালদ্বীপ ভারত মহাসাগরের মাঝখানে একটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ অবস্থানে রয়েছে।

## ■ ইন্দোনেশিয়ার প্রথম বুলেট ট্রেন

২ অক্টোবর ২০২৩ ইন্দোনেশিয়া দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম দেশ হিসেবে উচ্চগতির বুলেট ট্রেন চালু করে। 'হুশ' (Whoosh) নামক বুলেট ট্রেনের সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৩৫০ কিমি। এই ট্রেনে রাজধানী জাকার্তা থেকে বান্দুং শহর যেতে সময় লাগবে মাত্র ৪৫ মিনিট, দূরত্ব ১৪০ কিমি। আট বগির ট্রেনটি তৈরিতে সহায়তা করেছে চীন। চীনের Belt and Road Initiative প্রকল্পের অংশ হিসেবে ইন্দোনেশিয়ায় বুলেট ট্রেন সার্ভিসটি চালু হয়। চীন সরকার এই প্রকল্পে ৭.৩ বিলিয়ন ডলার ব্যয় করে। এটি ইন্দোনেশিয়ার বড় দুটি শহর রাজধানী জাকার্তা এবং বান্দুংকে যুক্ত করবে। ট্রেনটি চলাচলের জন্য ১৩৮ কিমি দীর্ঘ নতুন লাইন তৈরি করা হয়। ট্রেন চলবে বিদ্যুৎ শক্তিতে। একসঙ্গে যাতায়াত করতে পারবেন ৬০১ জন যাত্রী।

**■ হীলিংকা-ভারত ফেরি সার্ভিস চালু**  
 ১৪ অক্টোবর ২০২০ হীলিংকার সফে ফেরি সার্ভিস চালু করে ভারত। ভারতের তামিলনাড়ু ন্যাশনালিন থেকে হীলিংকার কার্কেসারুইয়ের জাকনার মধ্য এ ফেরি চালান করে। প্রকৃত, 'ক্রিস্পানি' নামের একটি নৌকার মাধ্যমে ন্যাশনালিন-জাকনা ফেরি পরিষেবা শুরু হয়। শিপিং কর্পোরেশন অব ইন্ডিয়া (SCI)-এর এই নৌকটিতে ১৫০ জন যাত্রী ধরন ক্ষমতা রয়েছে। এ নৌকার তামিলনাড়ু র ন্যাশনালিন থেকে হীলিংকার জাকনা পৌঁছাতে সময় লাগবে প্রায় সাত ৩ ঘণ্টা। প্রতিদিন দুই সেশে মধ্য যাত্রারত করে নৌকটি।

**■ ভারতে আফগান দূতাবাস বন্ধ**  
 ১ অক্টোবর ২০২০ ভারত বন্ধ হয় আফগানিস্তানে দূতাবাস। শেখীয়ে ফুঁসিতির সর্বশেষ অচর অর তাফেদন সরকারকে স্বীকৃতি না দেওয়ার ন্যাশনালিতে আফগান দূতাবাসের কার্যক্রম স্থগিত হয়। তবে ভারতে আফগানিস্তানের রাষ্ট্রদূতের জরুরি কেসগুলির (হেটুইচ প্রতিনিধি সাক্ষর) পরিষেবা প্রদান অব্যাহত থাকবে বলে জানায় তারা। এছাড়া আফগানিস্তানে বসবাস, কর্মসূচন, অধিকার ও ব্যবসায়িক কর্ম বন্ধ নির্ধারিত করতে তারা ভারত সরকারের সঙ্গে একটি চুক্তিতে পৌঁছাতে চায় বলেও জানানো হয়। উল্লেখ, ২০২১ সালের আগস্টে আফগানিস্তানে তাফেদন ক্ষমতা সংগ্রহের পর থেকে দেশটির তাফেদন সরকারকে স্বীকৃতি দেয়নি ভারত।

**■ ডেঙ্গু টিকার অনুমোদন**  
 ২ অক্টোবর ২০২০ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) জাপানের উদ্বল ও টিকা প্রস্তুতকারী কোম্পানি 'ডাঙ্গো ফার্মাসিউটিক্যালস'ের ডেঙ্গু টিকা 'ডেঙ্গুভাক্সিয়া'র প্রথমবারের জন্য জাপান দিয়ে ডেঙ্গুর প্রকোপ বেশি এমন অঞ্চলগুলোতে ৬-১৬ বছর বয়সীদের মধ্যে দুই ডোজের এই টিকা ব্যবহার করা যাবে। WHO'র অনুমোদন পাওয়ার আগেই ২০১৯ সাল থেকে এই টিকা ব্যবহারের অনুমতি দেয় যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, ইন্দোনেশিয়া, ব্রাজিল, থাইল্যান্ড ও আর্জেন্টিনা। এর আগে ২০১৮ সাল থেকে ইউরোপীয় ইউনিয়নসহ আরও ১৯টি দেশ সানোফি-ওয়াভেক্সিলের তৈরি ডেঙ্গু টিকা 'ডেঙ্গোভাক্সিয়া'র (Dengvaxia) অনুমোদন দেয়।



**■ বিশ্বের প্রথম হাইড্রোজেন পার্ক**  
 জাপানে যাত্রা শুরু হয় বিশ্বের প্রথম হাইড্রোজেন পার্ক। নিতসুবিশি হেভি ইন্ডাস্ট্রিজ (MHI) তাকাসাগো হাইড্রোজেন পার্কটি সম্পূর্ণভাবে উপাধেশন শুরু করে। পার্কটি MHI'র পঞ্চম মধ্য জাপানের হিয়োগো প্রিফেকচারের তাকাসাগো মেগানির জ্যাকর্সে অবস্থিত। সম্প্রতি এখানে ইলেকট্রোলাইসিস পদ্ধতিতে হাইড্রোজেন উৎপাদন শুরু হয়। হাইড্রোজেন উৎপাদন, সংরক্ষণ এবং ব্যবহারের জন্য তাকাসাগো হাইড্রোজেন পার্কটি তিনটি এলাকায় বিভক্ত। উৎপাদনের ক্ষেত্রে, নরগয়ের হাইড্রোজেন শ্রেণী এএসে তৈরি একটি অ্যানাকলাইন ইলেকট্রোলাইজার ব্যবহার হয়। এর উৎপাদন ক্ষমতা ১,১০০ এনএমও/এইচ, যা বিশ্বে সর্বোচ্চ। উৎপাদনকৃত হাইড্রোজেন ৩৯,০০০ এনএমও/এইচ ধারণক্ষমতার একটি স্টোরেজে সংরক্ষণ করা হবে।

**■ সর্ববিধানে আদিবাসীদের স্বীকৃতি প্রত্যাখ্যান**  
 ১ জানুয়ারি ১৯০১ কার্যকর হওয়া অস্ট্রেলিয়ার সর্ববিধানে আদিবাসীদের স্বীকৃতি দেওয়া হয়নি। ২০১৭ সালে Uluru Statement from the Heart নামের এক ঐতিহাসিক নথিতে ভয়েস টু পার্লামেন্টের সুপারিশ করা হয়। ২০২২ সালে ফেডারেল নির্বাচনের আগে দেশটির লেবার পার্টি সর্ববিধানে আদিবাসীদের স্বীকৃতি গণভোটারে প্রতিশ্রুতি দেয়। ১৪ অক্টোবর ২০২০ সর্ববিধান পরিবর্তনের লক্ষ্যে গণভোট অনুষ্ঠিত হয়। আদিবাসী ও টরেন্স আইল্যান্ডের মানুষদের স্বীকৃতি দিতে 'দ্য ভয়েস' নামে এই প্রস্তাবটি গণভোটে দেওয়া হয়। প্রস্তাবে 'ভয়েস টু পার্লামেন্ট' নামে একটি আদিবাসী পরিষদ গঠনের প্রস্তাবও রাখা হয়। দেশবাসী সর্ববিধানে পরিবর্তন চান কিনা সেটা জানতে ব্যালট পেপারে শুধু 'হ্যাঁ' অথবা 'না' লিখতে হয়। গণভোটে 'না' এর পক্ষে ৫৭.৩৫% আর 'হ্যাঁ' এর পক্ষে ৪২.৬৫% ভোট পড়ে।

**■ ডেঙ্গুর ঔষধের প্রথম ট্রায়ালেই সাফল্য**  
 ২০ অক্টোবর ২০২০ ডেঙ্গুর প্রথম ঔষধের প্রথম ট্রায়ালেই সাফল্য পান গবেষকরা। ১১ খেজাসেবী এ ট্রায়ালে অংশ নেন। ট্রায়ালের প্রথম পাঁচদিন প্রতিদিন তাদেরকে ঔষধের হাইডোজ সেবন করানো হয়। তারপর খেজাসেবীদের মধ্যে ডেঙ্গু ভাইরাসের একটি দুর্বল ধরন প্রবেশ করানো হয়। ১১ দিন তাদেরকে আবারও নিয়মিত খাওয়ানো হয় সে ঔষধ। কয়েক দিন পর খেজাসেবীদের নমুনা পরীক্ষায় ৬ জনের মধ্যে ভাইরাসের অস্তিত্বই পাওয়া যায়নি; বাকি ৫ জনের মধ্যে ভাইরাসটির অস্তিত্ব শনাক্ত হলেও তারা সবাই পরীক্ষার দ্বিতীয় পর্যায়ে অর্থাৎ ২১ দিনের আগেই সম্পূর্ণ সুস্থ হয়ে উঠে।

**■ ম্যাপেরিয়ার নতুন টিকার অনুমোদন**  
 ম্যাপেরিয়ার নতুন একটি টিকা ব্যবহারের অনুমোদন দেয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের উদ্ভাবন করা এ টিকা বৃষ্ণ আকারে উৎপাদন করা সম্ভব এবং দামও হবে অপেক্ষাকৃত কম। এর নাম R21। একজন ব্যক্তির জন্য চারটি ডোজ প্রয়োজন হবে। এটি WHO'র অনুমোদন পাওয়া দ্বিতীয় ম্যাপেরিয়ার টিকা। ২০২১ সালে গ্র্যান্ডে শিখরারহিনের উদ্ভাবিত ম্যাপেরিয়ার প্রথম টিকা RTS ব্যবহারের অনুমোদন দেয় WHO।

**■ বিশ্বের প্রথম কার্বন সীমান্ত শুল্ক**  
 ১ অক্টোবর ২০২০ ইউরোপীয় ইউনিয়ন (EU) আমদানি করা ইস্পাত, সিমেন্ট এবং অন্যান্য পণ্যের ওপর কার্বন ডাই-অক্সাইড নির্গমন শুল্ক আরোপ চালু করে। বিশ্বে প্রথম এই পদ্ধতির প্রথম ধাপ চালু করে। এই একটি কার্যকর হবে ২০২৬ সালে। EU জলবায়ু পরিবর্তন রোধ ও সবুজায়নের চেষ্টা যাতে ব্যাহত না হয়, সে জন্য দূষণ সৃষ্টিকারী এসব বিদেশি পণ্য আমদানি রোধ করতে চায়। প্রস্তাবিত Carbon Border Adjustment Mechanism (CBAM) এর অংশ হিসেবে এখন থেকে EU আমদানিকারকদের লোহা এবং ইস্পাত, অ্যালুমিনিয়াম, সিমেন্ট, বিন্যাস হাইড্রোজেন ও সার আমদানি করার সময় গ্রিনহাউস গ্যাস নির্গমনের তথ্য রিপোর্ট দেখাতে হবে। আর ২০২৬ থেকে আমদানিকারকদের এই কার্বন ডাই-অক্সাইড নির্গমনসংক্রান্ত সনদ নিতে হবে। ২০৩০ সালের মধ্যে কার্বনের মোট নির্গমন ৫৫% কমাতে চায় ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলো।



**■ শ্লোভাকিয়ায় মস্কোপন্থীদের জয়**  
 ৩০ সেপ্টেম্বর ২০২০ শ্লোভাকিয়ার ১৫০ আসনে আইনসভার নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে মস্কোপন্থী জনতুণ্ডিবাদী দল (SMER-SD) ৪১টি আসন লাভ করে। তৃত্বটি আসন পেয়ে দ্বিতীয় অবস্থান লাভ করে প্রোগ্রেসিভ শ্লোভাকিয়া পার্টি। শ্লোভাকিয়া এত দিন যুদ্ধে ইউক্রেনকে সমর্থন করে এলেও SMER-SD দলটি ইউক্রেনে সামরিক সহায়তা বন্ধ করতে চায়। সাব্বেক প্রধানমন্ত্রী রবার্ট ফিকোর দল SMER-SD এককভাবে না পারলেও জোটের মাধ্যমে সরকার গঠন করবে।

**■ UNHRC'র সদস্য**  
 ১০ অক্টোবর ২০২০ জাতিসংঘ মানবাধিকার - কাউন্সিলের (UNHRC) তিন বছর মেয়াদে ১৫টি শূন্য পদে সাধারণ পরিষদে ভোট অনুষ্ঠিত হয়। নির্বাচিত দেশগুলো হলো— বুরুন্ডি, আইভরি কোস্ট, যানা, মালাবি, চীন, ইন্দোনেশিয়া, জাপান, কুয়েত, আলবেনিয়া, বুপেশেরিয়া, ব্রাজিল, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র, ফ্রান্স ও নোদারল্যান্ডস। নির্বাচিত এসব দেশ ২০২৪-২০২৬ সাল পর্যন্ত দায়িত্ব পালন করবে।

**■ উচ্চতা কমলো মন্ট ব্ল্যাঙ্ক পর্বতের**  
 ইউরোপের আল্পস পর্বতমালায় সবচেয়ে উঁচু শৃঙ্গ মন্ট ব্ল্যাঙ্ক পর্বতটি বরফের শিলা দ্বারা আবৃত, একটি গ্লোনের সাহায্যে হাটটি-সাতাই অর্ধশতক প্রশ্রাননের জরিপকারীদের একটি দল দ্বারা এর পরিমাপ করা হয়। ৫ অক্টোবর ২০২০ প্রকাশিত ফলাফল অনুযায়ী, মন্ট ব্ল্যাঙ্কের নতুন উচ্চতা ৪,৮০৫.৫৯ মিটার। দুই বছর আগে ছিল ৪,৮০৭.৮১ মিটার। ২০২১ সাল থেকে বৈদিক উষ্ণায়নের প্রভাবে ২.২২ মিটার উচ্চতা কমে যায়। ২২ বছর আগে সূর্যনির্ভর পরিমাপ করার পর এটিই পর্বতটির সর্বনিম্ন উচ্চতা। পর্বতটি ২০২১ সালে পরিমাপ করা আরওনের তুলনায় ৩.৫০০ কন্টিমিটার বরফ ও ভূষার হারায়। পর্বতটির পাথুরে শিখরটি সম্পূর্ণরূপে থেকে ৪,৭৯২ মিটার উঁচু। আল্পসে জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে তথ্য সংগ্রহে গবেষকরা ২০০১ সাল থেকে দুই বছর অন্তর এটি পরিমাপ করছেন।

**■ নিউজিল্যান্ডে পার্লামেন্ট নির্বাচন**  
 ১৪ অক্টোবর ২০২০ নিউজিল্যান্ডের পার্লামেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে বিরোধী দল ন্যাশনাল পার্টি ৫০টি, ক্ষমতাসীন লেবার পার্টি ৩৪টি, গ্রিন পার্টি ১৪টি, আষ্ট পার্টি ১১টি, এনজেড ফার্স্ট চটি ও তে পাটি মাওরি ৪টি আসন লাভ করে। বিরোধী দল ন্যাশনাল পার্টির জয়ের ফলে দেশটির পরবর্তী প্রধানমন্ত্রী হচ্ছেন নেতা ক্রিস্টোফার লুক্সন। ২০২০ সালে নির্বাচনের আগে শুরুত্বপূর্ণ একটি বিষয় ছিল নিউজিল্যান্ডের অর্থনীতি, বিশেষ করে জীবনযাপনের ব্যয় বৃদ্ধি। চীনে অর্থনীতির গতি কমে আসার বড় প্রভাব পড়ছে নিউজিল্যান্ডের ওপর। কারণ, দেশটির সবচেয়ে বড় বাণিজ্যিক অংশীদার চীন। ২০২০ সালে নিউজিল্যান্ডের পার্লামেন্টে প্রথম পা রাখেন ক্রিস্টোফার লুক্সন। ২০২১ সালের নভেম্বরে তিনি বিরোধী দলীয় নেতা হন।



**■ CTBT থেকে প্রত্যাহার**  
 ১৮ অক্টোবর ২০২০ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের ইচ্ছা অনুযায়ী রাশিয়ার আইনসভার নিষ্কক্ষ স্টেট ডুমা Comprehensive Nuclear-Test-Ban Treaty (CTBT) অনুমোদন বাতিল করে। ২৪ সেপ্টেম্বর ১৯৯৬ রাশিয়া CTBT চুক্তিতে স্বাক্ষর করে। একই তারিখে যুক্তরাষ্ট্রে চুক্তিতে স্বাক্ষর করলেও কখনোই অনুমোদন দেয়নি। রাশিয়া মূলত ৩০ জুন ২০০০ CTBT অনুমোদন করে। সামরিক ও অসামরিক ক্ষেত্রে যাবতীয় পারমাণবিক পরীক্ষার ওপর নিষেধাজ্ঞাবিষয়ক সম্মিত চুক্তি CTBT। ২২ আগস্ট ১৯৯৬ অস্ট্রেলিয়া জাতিসংঘের সাধারণ পরিষদে CTBT উত্থাপন করে। ১০ সেপ্টেম্বর ১৯৯৬ সাধারণ পরিষদে চুক্তি গৃহীত হয়। চুক্তি কার্যকরদের জন্য ৪৪টি দেশের স্বাক্ষর ও অনুমোদন বাধ্যতামূলক করে দেওয়া হয়। এর মধ্যে চীন, মিসর, ইরান, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রে স্বাক্ষর করলেও অনুমোদন করেনি। আর ভারত, উত্তর কোরিয়া ও পাকিস্তান স্বাক্ষর এবং অনুমোদন করেনি। ফলে এটি কার্যকর করা সম্ভব হয়নি। উল্লেখ্য, সামরিক ও অসামরিক ক্ষেত্রে যাবতীয় পারমাণবিক পরীক্ষার উপর নিষেধাজ্ঞা জারি করতে ১৯ নভেম্বর ১৯৯৬ Comprehensive Nuclear-Test-Ban Treaty Organization (CTBTO) প্রতিষ্ঠা করা হয়।



## যুক্তরাষ্ট্র

মার্কিন কংগ্রেসের স্পিকার পদচ্যুত  
৩ অক্টোবর ২০২৩ ক্ষমতাচ্যুত হন যুক্তরাষ্ট্রের  
হাউজ স্পিকার কেভিন ম্যাকাথি। ২০১৪ বছরের  
ইতিহাসে তিনিই প্রথম এমন লজ্জাজনক হারের  
শিকার হন। ৩০ সেপ্টেম্বর ২০২৩ 'শাটআউট  
বিল' পাস বিতর্ক ঘিরে অসন্তোষ ছড়িয়ে পড়া  
হাউজ অব রিপ্রেজেন্টেটিভসে স্পিকারের বিরুদ্ধে  
অন্যত্র প্রস্তাব আনেন ফোরিডার ডানপন্থি  
আইনসভাগো মাট গোটজ। ডেটাইলিভে কেভিন

ম্যাকাথির বিপক্ষে যায়  
প্রতিনিধি পরিষদের ২১৬  
জন সদস্য। তাদের মধ্যে  
২০৮ জন ক্ষমতাসীন  
ডেমোক্র্যাট দলের এক  
অন্য ৮ জন ম্যাকাথির  
নিজ দল রিপাবলিকান  
পার্টির সদস্য। অপরদিকে তার পক্ষে ভোট দেয়  
পরিষদের ২১০ জন আইনসভাগো।

■ স্পিকার কেন গুরুত্বপূর্ণ: যুক্তরাষ্ট্রে স্পিকারের  
অবস্থান বেশ শক্ত। বিশেষ কিছু ক্ষমতাও রয়েছে  
তার। কংগ্রেসের যেকোনো পক্ষপাতমূলক  
সিদ্ধান্তে স্পিকার মার্কিন প্রেসিডেন্টের এজেন্ডা  
তৈরি বা ভাঙতে পারেন। প্রেসিডেন্টের  
বিরোধিতা করে তাদের দলের সবচেয়ে বড়  
আইন প্রণয়নের উদ্যোগের নেতৃত্ব দিতে  
পারেন। একজন বুদ্ধিমান স্পিকার প্রণোদনা বা  
শান্তি প্রদান করে বিদ্রোহী আইনসভাগোদের  
নিয়ন্ত্রণ করতে পারেন।

### দুই দ্বীপকে রাষ্ট্রের স্বীকৃতি

২৫ সেপ্টেম্বর ২০২৩ প্রশান্ত মহাসাগরে কুক আইল্যান্ডস  
ও নিউই দ্বীপকে 'স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের' স্বীকৃতি  
দেয় যুক্তরাষ্ট্র। শীঘ্রই এই দুই দ্বীপ রাষ্ট্রের সঙ্গে  
কূটনৈতিক সম্পর্কের সূচনা হবে। দুটি দ্বীপের মোট  
জনসংখ্যা ২০,০০০-এর কাছাকাছি হলেও প্রশান্ত  
মহাসাগরের দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক এলাকায়  
তাদের দখল অনেকটাই। অঞ্চল দুটি স্বায়ত্তশাসিত  
হলেও তারা নিউজিল্যান্ডের ওপর পররাষ্ট্র ও প্রতিরক্ষা  
নীতির জন্য নির্ভরশীল ছিল। বিশ্ব রাজনীতিতে বেশ  
কয়েক বছর গুরুত্বপূর্ণ হয়েছিল প্রশান্ত মহাসাগরের  
এই অঞ্চল। কিন্তু সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের  
ক্ষমতার লড়াইয়ে খুব অর্থবহ হয়ে উঠেছে প্রশান্ত

## মেক্সিকো সীমান্তে নতুন প্রাচীর



৫ অক্টোবর ২০২৩ মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসন  
মেক্সিকো সীমান্তে আরও প্রাচীর নির্মাণের পরিকল্পনা করে  
যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তের রিও গ্রাণ্ডে ড্যালাস এলাকায় প্রাচীরের  
নতুন অংশটি নির্মিত হবে। মেক্সিকো সীমান্তে প্রাচীর নির্মাণের  
বিষয়টি ছিল বাইডেনের পূর্বসূরি ডোনাল্ড ট্রাম্পের একটি বক্তব্য  
আলোচিত নীতি। ২০২০ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে  
প্রচারবিভাগকালে ট্রাম্পের এই নীতির তীব্র সমালোচনা করে  
ডেমোক্রটিক প্রার্থী বাইডেন। প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হয়ে ২০২১  
সালের জানুয়ারিতে দায়িত্ব নেন বাইডেন। এখন সেই বাইডেনই  
মেক্সিকো সীমান্তে নতুন করে প্রাচীর নির্মাণ করতে যাচ্ছেন।

### ভেনেজুয়েলার নিষেধাজ্ঞা প্রত্যাহার

২০২৪ সালের মধ্যে দেশে সুলভ নির্বাচন এবং সেই নির্বাচনের  
আগেই বিরোধী দলের কারাবন্দি নেতা-কর্মী ও মার্কিন নাগরিকদের  
মুক্তি দেওয়ার প্রতিশ্রুতিতে দক্ষিণ আমেরিকার দেশ ভেনেজুয়েলার  
তেল-গ্যাস ও স্বর্ণের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেয় যুক্তরাষ্ট্র।  
১৮ অক্টোবর ২০২৩ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত  
করে। ২০১৯ সালে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর  
বিরুদ্ধে স্বৈরতান্ত্রিক আচরণ এবং বিরোধীদলীয় নেতাকর্মী ও বেশ  
কয়েকজন মার্কিন নাগরিককে কারারুদ্ধ করার অভিযোগ তুলে  
দেশটির তেল, গ্যাস, স্বর্ণ এবং রাষ্ট্রায়ত্ত্ব তেল কোম্পানির ওপর  
নিষেধাজ্ঞা দেয় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ২০২১  
সালে প্রেসিডেন্ট জো বাইডেন যুক্তরাষ্ট্রের ক্ষমতায় আসার পর  
বাইডেন প্রশাসনের সঙ্গে এ ব্যাপারে আলোচনা শুরু করে  
ভেনেজুয়েলা। তার ফলশ্রুতিতেই শর্তসাপেক্ষে এ নিষেধাজ্ঞা তুলে  
নেয় বাইডেন প্রশাসন।

এক নজরে  
২ দ্বীপ



ক্যাটাগরি রাজধানী স্বায়ত্তশাসন রাষ্ট্রপ্রধান প্রথম প্রধানমন্ত্রী বর্তমান প্রধানমন্ত্রী আয়তন মুদ্রা	কুক আইল্যান্ডস আডারুয়া ৪ আগস্ট ১৯৬৫ তৃতীয় চার্লস আলবার্ট হেনরি মার্ক ব্রাউন ২৩৬.৭ বর্গ কিমি নিউজিল্যান্ড ডলার	নিউই আলোফি ১৯ অক্টোবর ১৯৭৪ তৃতীয় চার্লস রবার্ট রেঞ্জ ডান্টন তাগেলাগি ২৬১.৪৬ বর্গ কিমি নিউজিল্যান্ড ডলার
---	--	---

আরও পিডিএফ বই ডাউনলোড করুন [www.boimate.com](http://www.boimate.com) | গণীয় মাঝায় বাড়ছে চীনের অর্থনৈতিক, সামরিক ও রাজনৈতিক আগ্রহ।  
ক্ষমতাসীন দল একে পার্টি (Justice and Development party)



## সমরাস্ত্র

### তাইওয়ানের সাবমেরিন উন্মোচন

চীনা নৌবাহিনীর বিরুদ্ধে নিজেদের প্রতিরক্ষা ও প্রতিরোধ  
জোরদার করার লক্ষ্যে তাইওয়ান প্রথম নিজেদের তৈরি  
সাবমেরিন উন্মোচন করে। ২৮ সেপ্টেম্বর ২০২৩ তাইওয়ানের  
দক্ষিণাঞ্চলীয় কায়েহিয়াং বন্দর শহরে এক অনুষ্ঠানের মধ্য  
দিয়ে এ সাবমেরিনের উন্মোচন করা হয়। এটির নাম দেওয়া হয়  
'হাই কন', যার অর্থ 'সামুদ্রের রূপকথার প্রাণী'। স্বায়ত্তশাসিত  
দ্বীপ তাইওয়ানকে নিজেদের ভুখণ্ড বলে দাবি করে চীন।  
তাইওয়ান সশস্ত্র বাহিনীর আধুনিকীকরণের বৃহত্তর উদ্যোগের  
অংশ হিসেবে সাবমেরিন প্রোগ্রামকে অগ্রাধিকার দেয়।

### বুরভেস্টনিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা

৫ অক্টোবর ২০২৩ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন  
ঘোষণা করেন তার দেশ পারমাণবিক শক্তিসম্পন্ন 'বুরভেস্টনিক'  
ক্রুজ ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালায়। বুরভেস্টনিক  
ক্ষেপণাস্ত্র শুধু পরমাণু অস্ত্র বহনে সক্ষম নয়; বরং এটি  
নিজেই পারমাণবিক শক্তিস্বরূপ, যা সামুদ্রিক পাথির মতো খুব  
নিচ দিয়েও উড়ে যেতে সক্ষম। ন্যাটো এই ক্ষেপণাস্ত্রের  
কোডনাম দেয় 'স্কাইফল' (Skyfall)। এটি চলার পথ  
পরিবর্তন করে তার লক্ষ্যে আঘাত করতে পারে। এটি  
উচ্চক্ষমতা করতে যে যানটি সাহায্য করে সেটি শব্দের চেয়ে  
বেশি গতিতে চলে। এর ওয়ারহেডগুলো আলাদা-আলাদা  
লক্ষ্যে আঘাত হানতে পারে। ২০১৭-২০১৯ সাল পর্যন্ত  
ক্ষেপণাস্ত্রটির অন্তত ১৩টি পরীক্ষা ব্যর্থ হয়। ২০১৮ সালে  
প্রথম এ পরীক্ষামূলক অস্ত্রের কথা ঘোষণা করা হয়।

### বজ্র ক্ষেপণাস্ত্র

২৪ ফেব্রুয়ারি ২০২২ ইউক্রেন-রাশিয়া যুদ্ধ শুরু পর বিভিন্ন বিধ্বংসী অস্ত্র দেখছে  
বিশ্ব। ইউরোপের 'কুটির ব্লাডি' নামে খ্যাত ইউক্রেন দেশটি সরাসরি পারমাণবিক  
হামলার মুখে না পড়লেও রাশিয়ার পারমাণবিক ক্ষেপণাস্ত্র Electromagnetic Pulse  
(EMP) অথবা 'বজ্রপাত' ক্ষেপণাস্ত্র বিপর্যয়ে ধ্বংস হয়ে যেতে পারে। লেজার রশ্মির  
আলোর গতিতে আঘাত হানতে সক্ষম এই ক্ষেপণাস্ত্র। বজ্রপাত যেমন অবকাঠামো থেকে  
শুরু করে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, ইলেকট্রনিক যন্ত্র, রাডার-বিমান প্রভৃতি নষ্ট করে  
দিতে পারে, একইভাবে EMP রশ্মিও এসব বস্ত্র ধ্বংস করতে সক্ষম। আর রাশিয়ার  
'বজ্র ক্ষেপণাস্ত্র' আঘাত করলে প্রায় সঙ্গে সঙ্গেই অচল হয়ে যাবে ইউক্রেনের  
তাপবিদ্যুৎ-জ্বালানী শক্তি ও পানি সরবরাহ ব্যবস্থা।

■ EMP কী এবং কীভাবে কাজ করে: EMP অস্ত্র কার্যকরভাবে একটি পারমাণবিক  
বোমা বা ক্ষেপণাস্ত্র। ভূপৃষ্ঠ থেকে প্রায় ২০০ মাইল উপরে ৬০-৮০ কিলোটন শক্তিতে  
বিস্ফোরণ ঘটতে পারে। ভূপৃষ্ঠের কাছাকাছি আসার সময় 'কম্পটন প্রভাব' নামের একটি বিশাল ইলেকট্রোস্ট্যাটিক  
শ্রাব তৈরি করে। আর ভূপৃষ্ঠের কাছাকাছি এলে বৈদ্যুতিক ব্যবস্থাগুলো মূলত আর্টেনা হিসেবে কাজ করে। ক্ষেপণাস্ত্রে  
থাকা অতিরিক্ত চার্জ বৈদ্যুতিক ব্যবস্থাগুলোতে অতিরিক্ত চাপ সৃষ্টি করে। ফলে বৈদ্যুতিক মিডগুলো ধ্বংস হয়ে যায়।  
EMP ইলেকট্রন ও চুম্বকীয় শক্তি বিস্ফোরণ ঘটিয়ে আলোকরশ্মির আঘাত হানে। আর এক্ষেত্রে ইলেকট্রন শক্তির  
প্রবল চাপ তৈরি করতে অতি শক্তিশালী মাইক্রোওয়েভ ওভেন ব্যবহার করা হয়। এটি অনেকটা লেজার রশ্মি বা  
বজ্রপাতের মতো। EMP রশ্মি সরাসরি সরল পথে ও আঁকাবাঁকা পথে দুভাবেই চলতে পারে। একই সময়ে লাখ  
লাখ বজ্রপাত হলে যে আলোকরশ্মি সৃষ্টি হয়, EMP'র একটি আঘাত তার থেকে বেশি রশ্মি সৃষ্টি করতে সক্ষম।



তুরস্ক প্রাচীন অটোমান সাম্রাজ্যের কেন্দ্রস্থল ছিল



## আমার স্বপ্নগুলো কেন এমন স্বপ্ন হয়



নাজমুল হুদা

পাইলট হওয়ার স্বপ্ন নিয়ে ভারতের তামিলনাড়ু রাজ্যের প্রত্যন্ত গ্রাম রামেশ্বররামের এক তরুণ ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে পঁচিশ জন প্রতিযোগীর মধ্যে নবম হয়েছিলেন। কিন্তু চূড়ান্তভাবে মনোনীত করা হয় ৮ জনকে! অল্পের জন্য ছিটকে পড়েন তিনি। তখন তার মনে হয়েছিল সারা জীবনের সব চেষ্টা যেন বিফলে গেল। সেদিন সাধু শিবানন্দ তাকে সাহুনা দিয়ে বলেন, 'তোমার নিয়তিকে মেনে নাও, জীবনে এগিয়ে যাও। তুমি যা তাই হও'। সেই স্বপ্নবাজ তরুণই মিসাইলম্যান খ্যাত এপিজে আব্দুল কালাম। একসময় পাইলট হতে না পেরে এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ে হয়ে ওঠেন ভারতের প্রধানতম পরমাণু বিজ্ঞানী; পরবর্তীতে রাষ্ট্রপতি। স্বাতিমান অনেকেই এরকম একসময় যা হতে চেয়েছিলেন, পারেননি; সফল হয়েছেন অন্য কাজে, অন্যখানে। এ নিয়ে ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার উপাচার্য ড. অমিত চাকমা বলেন, 'সবক্ষেত্রে তিন ধরনের বৈশিষ্ট্য থাকে। প্রথমত যোগ্যতা, দ্বিতীয়ত কর্মনিষ্ঠা এবং তৃতীয়ত ক্যারেক্টার। জীবনে সফলতার জন্য 'কারেক্টারই' আসল।' ভাসিতিতে আমাদের ক্লাসের রেজাল্ট লিস্টের শেষের দিকে থাকা বন্ধু এখন পৃথিবীর প্রথম সারির ফার্ম কোম্পানি যুক্তরাষ্ট্রের ফাইজারে চাকরি করছে। এ বছর (২০২৩) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা ইউনিট ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিট ভর্তি পরীক্ষায় প্রথম হয়েছে মেহরাজ হোসেন। অর্থাৎ এসএসসিতে তার জিপিএ ছিল মাত্র ৪.৮৯! আবার অন্যসঙ্গে ২.৮৩ সিজিপিএ এবং মাস্টার্সে ২.৯০ সিজিপিএ নিয়ে মো: শরীফুল্লাহ এবার ৪১তম বিসিএসে (২০২৩) প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। আজ যদি যা চেষ্টা করেও কিছু না পাও তবে তা আরেকদিন পাবে; আরেকটু বেশি পরিমাণে। প্রয়োজন শুধু প্রবল মনোবল নিয়ে পরিশ্রম করা। তারপরও যদি না পাও বোঝাবে তোমার জন্য অন্য কিছু, অন্যখানে। আসলে আমরা কেউ জানি না ভবিষ্যতে কী হবে, ভাগ্য কোথায় নিয়ে যাবে, কোনটা ভালো হবে। আমাদের পছন্দ, পরিকল্পনা ও প্রত্যাশার বাইরে অনেক কিছুই থাকে যা আমরা জানি না। এজন্য আল্লাহ তায়াল্লা নিজেই বলেছেন, 'হয়তো তোমরা যা অপছন্দ করো তাই তোমাদের জন্য কল্যাণকর আর যা তোমরা পছন্দ করো, সেটা হতে পারে অকল্যাণকর। বহুত, আল্লাহ জানেন। তোমরা জানো না।' (সূরা বাকারা, আয়াত ২১৬)।

### ■ কী পড়বে কী করবে

মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস বলেছিলেন, 'তুমি যা পড়ছ সেটির গভীরে যাও। সেটির সর্বোচ্চ রস আশ্বাসন কর। কারণ, সেটি তুমি ভালোবাসো।' তাই যেখানে যে বিষয়েই পড়না কেন মন দিয়ে আনন্দ নিয়ে পড়। যতটুকু পড় ধরারাবিক্রমতা যেন বজায় থাকে। একদিন দীর্ঘ সময় পড়াশোনা; বাকি এক সপ্তাহ পড়াশোনা বন্ধ, এমনটি করা যাবে না। অল্প সময় পড়লেও তা যেন হয় নিয়মিত। নিজ বিভাগের পড়াশোনার বাইরেও অসংখ্য বিষয়ে পড়াশোনা করা যায়। বিশ্ববিদ্যালয় জীবনে অসংখ্য বিষয়ের ওপর পড়াশোনার সুযোগ রয়েছে। সেটি যেমন অনলাইনে, তেমনি রয়েছে অফলাইনেও।

### ■ সহশিক্ষায় অংশ নাও

বিশ্ববিদ্যালয় জ্ঞান অর্জনের স্থান, তাই বলে সারা দিন শুধু পড়াশোনা নিয়ে পড়ে থাকলেই চলবে না; বরং পড়াশোনার বাইরের বিষয়গুলো চর্চা করাও অতীব জরুরি। এজন্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ নাও। বিতর্ক আবৃত্তি, নাচ, গান, অভিনয়, যা ভালো লাগে তা-ই কর। দেখবে, প্রতিযোগিতামূলক পরীক্ষায় বা পরবর্তীতে পেশাজীবনে পদোন্নতির দৌড়ে এগিয়ে থাকবে।

### ■ সংগঠনে যুক্ত হও

বিধ্বংস করেছিলেন, 'যুক্ত করো হে সবার সঙ্গে'। তাই সবার সাথে সম্পৃক্ত হতে যোগ দাও সংগঠনে। বিতর্ক ক্লাব, রক্তদাতা সংগঠন, ক্যারিয়ার ক্লাব, নাট্যদল, সাহিত্য সংঘসহ এ ধরনের প্র্যাটিক্যালগুলোতে যুক্ত হও। সংগঠনের কাজের সঙ্গে জড়িত হলে বিভিন্ন ধরনের মানুষের সঙ্গে মেশার, তাদের সঙ্গে কাজ করার সুযোগ তৈরি হবে। টিমওয়ার্ক বা দলগত কাজ সম্পর্কেও চমৎকার ধারণা তৈরি হয় সংগঠন করার মাধ্যমে।

### ■ দক্ষতা বাড়ান

বিশ্বায়নের এই যুগে প্রতিনিয়ত কম্পিউটার ও ইন্টারনেটের মতো প্রযুক্তির ব্যবহার ছাড়া একমুহূর্তও চলে না। পরিবর্তনশীল বিশ্বব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে তাই এসবের ব্যবহার জানা জরুরি। ছাত্র অবস্থায়ই কম্পিউটারের কিছু বেসিক সফটওয়্যারের কাজ শিখে রাখা দরকার। যেমন: ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইলাস্ট্রেশন প্রভৃতি। ভিডিও এডিটিং, গ্রাফিক্স ডিজাইন, এনিমেশনে দক্ষ হও। যেকোনো একটা বিদেশি ভাষায় পারদর্শী হও। অস্ত্রত ইংরেজিতে ভালোভাবে লেখা ও বলার অভ্যাস কর।

— লেখক, পরামর্শক ও যুগ্মপরিচালক, বাংলাদেশ ব্যাংক



## বাংলাদেশ রেলওয়ের নতুন নেটওয়ার্ক

বাংলাদেশের ১৪ জেলায় মধ্য ৪৬টি জেলায় রেলপথ চালু ছিল। ১০ অক্টোবর ২০২৩ পদ্মা রেল সেতু সংযোগ প্রকল্পের ঢাকা-ভাঙ্গা অংশের উদ্বোধনের মাধ্যমে আরও তিন জেলা যুক্ত হয় দেশের রেল নেটওয়ার্কে। এ তিন জেলা হলো— মুন্সীগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর।

### ৪৬ জেলায় রেলপথ

জর্জ স্টিফেনসনের যুগান্তকারী প্রচেষ্টায় ২৭ সেপ্টেম্বর ১৮২৫ যুক্তরাজ্যে বিশ্বের প্রথম রেললাইন উদ্বোধন করা হয়। উনিশ শতকের মাঝামাঝিতে ভারতের ভাইসরয় লর্ড ডালহৌসি ভারতবর্ষে রেললাইন স্থাপন করেন। ১ আগস্ট ১৮৪৯ গ্রেট ইন্ডিয়ান পেনিনসুলার রেলওয়ে কোম্পানি মুম্বাইয়ে রেললাইন স্থাপন করে। ১৬ এপ্রিল ১৮৫৩ লাইনটি উদ্বোধন করার মাধ্যমে ভারতবর্ষে রেলওয়ের যাত্রা শুরু হয়। ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কলকাতা থেকে রানাঘাট পর্যন্ত লাইনকে বর্ধিত করে ১৫ নভেম্বর ১৮৬২ দর্শনা থেকে জগতী পর্যন্ত ৫৩.১১ কিমি রেললাইন উন্মোচন করার মাধ্যমে বর্তমান বাংলাদেশে রেললাইন প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দেশের ৪৬টি জেলা রেল নেটওয়ার্কে যুক্ত রয়েছে।

### বিভাগওয়ারি রেলপথ

- ঢাকা: ১২টি > নরসিংদী, গাজীপুর, ঢাকা, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, রাজবাড়ী, গোপালগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, মুন্সীগঞ্জ ও মাদারীপুর।
- চট্টগ্রাম: ৬টি > কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, চাঁদপুর ও চট্টগ্রাম।
- রাজশাহী: ৮টি > সিরাজগঞ্জ, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ।
- খুলনা: ৫টি > যশোর, খুলনা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া।
- সিলেট: ৪টি > সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ।
- রংপুর: ৮টি > পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর ও ফুড়িগ্রাম।
- ময়মনসিংহ: ৩টি > ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোণা।
- বরিশাল: একমাত্র বরিশাল বিভাগের কোনো জেলাতেই রেলপথ নেই।

### দেশের প্রথম এলিক্যান্ট ওভারপাস

ট্রেনে চট্টগ্রাম থেকে কক্সবাজার রোডে পার হতে হবে লোহাগাড়ার স্নিচ বন্যপ্রাণী অভয়ারণ্য। চট্টগ্রাম-দোহাজারী-কক্সবাজার বৃহদূর্ন পথ বহুল প্রত্যাশিত রেললাইনের প্রায় ১০ কিম অংশ এই অভয়ারণ্যের মধ্যে পড়বে। এ অভয়ারণ্যে নানা প্রজাতির বন্যপ্রাণী সঙ্কল্পে বিচরণ করে থাকে। বিশেষত হাতির অল্প বিচরণে যাতে বিঘ্ন না ঘটে এজন্য রেললাইনের ওপর দিয়ে নির্মাণ করা হয় 'এলিক্যান্ট ওভারপাস'। এশিয়ার কোনো দেশে বন্যপ্রাণীর জন্য এমন উদ্যোগ নেওয়া এটিই প্রথম এলিক্যান্ট ওভারপাস। ৯.৫০ মিটার উচ্চতা ও ১.০৯ মিটার প্রস্থের ওভার পাসের নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় ৫০ মিটার দীর্ঘ এলিক্যান্ট ওভারপাস দিয়ে হাতির দল এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যাতায়াত করতে পারবে। ১২ নভেম্বর ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা দোহাজারী-কক্সবাজার রেললাইন উদ্বোধন করবেন।




### রেল সংযোগের পথে ১৮ জেলা

- ৯ নভেম্বর ২০২৩ মোংলা-খুলনা রেলপথ উদ্বোধন করার মাধ্যমে নতুন করে রেল সংযোগে যুক্ত হবে বাগেরহাট জেলা। ১৯১৮ সালে চালু হওয়া খুলনা-বাগেরহাট রেলপথ ১৯৯৮ সালে লোকসান দেখিয়ে পরিত্যক্ত ঘোষণা করা হয়। আর ২০১২ সালে সব স্বাবর-অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে এ সেকশনকে বিলুপ্ত ঘোষণা করা হয়।
- ১২ নভেম্বর ২০২৩ চট্টগ্রামের দোহাজারী-কক্সবাজার রেল প্রকল্প উদ্বোধন হলে পর্যটন নগরী কক্সবাজার রেল সংযোগের আওতায় আসবে।
- ২০২৪ সালে পদ্মা সেতু রেল সংযোগের পুরো প্রকল্পের উদ্বোধন হলে যুক্ত হবে মাগুরা জেলা।
- রেলপথের উদ্বোধন হলে নতুন করে যুক্ত হবে মাগুরা জেলা।
- বর্তমানে সমীক্ষা সমাপ্ত হওয়া প্রকল্পের আওতায় রেলপথ নির্মিত হলে রেল সংযোগের আওতায় আসবে আট জেলা— সাতক্ষীরা, বরিশাল, রাঙ্গামাটি, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, পিরোজপুর ও মেহেরপুর। অপরদিকে মানিকগঞ্জ জেলায় রেলপথ নির্মাণের সমীক্ষা কার্যক্রম প্রক্রিয়াধীন আর ২০৪৫ সালের মধ্যে সর্বশেষ ধাপে তোলা বাসে লক্ষ্মীপুর, শেরপুর, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা রেল নেটওয়ার্কে যুক্ত হবে।



# দেশের নদ-নদীর চিত্র

২৪ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় নদী রক্ষা কমিশন 'বাংলাদেশের নদ-নদী : সংজ্ঞা ও সংখ্যা' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন করে। বইটির আলোকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য নিয়ে আমাদের এ আয়োজন।



মোট নদ-নদী : ১,০০৮টি ♦ নদীপথ : ২২,০০০ কিমি ♦ দীর্ঘতম নদী : পদ্মা (৩৪১ কিমি)  
 ♦ ক্ষুদ্রতম নদী : গাঙ্গিনা (০.০৩২ কিমি) ♦ সবচেয়ে বেশি নদী প্রবাহিত জেলা : সুনামগঞ্জ (৯৭টি নদী)  
 ♦ দৈর্ঘ্যের তথ্য নেই : ৫৫টির ♦ সবচেয়ে বেশি উপজেলা দিয়ে প্রবাহিত নদী : মেঘনা (৩৬টি)  
 ♦ সবচেয়ে বেশি জেলা দিয়ে প্রবাহিত নদী : পদ্মা (১২টি)।

## নদ-নদীর সংজ্ঞা

'নদ বা নদী' বলতে পাহাড়, পর্বত, হিমবাহ, হ্রদ, ঝরনা, ছড়া বা অন্য কোনো জলাশয় বা জলধারা হতে প্রাকৃতিকভাবে উৎপন্ন হয়ে যে জলধারা সারা বছর বা বছরের কোনো কোনো সময় দুই তীরের মধ্য দিয়ে প্রাকৃতিকভাবে প্রবাহিত হয়ে সমুদ্র, মহাসমুদ্র, হ্রদ, অন্য কোনো জলাশয় বা জলধারায় পতিত হয় তাকে বোঝায়। তবে শর্ত থাকে যে উপর্যুক্ত সংজ্ঞায় যাই থাকুক না কেন ক্যাডেস্ট্রাল সার্ভে, রিভিশনাল সার্ভে ও বাংলাদেশ রিভিশনাল সার্ভে রেকর্ডে নদ বা নদী হিসেবে যা উল্লেখ হয়েছে তা নদ বা নদী হিসেবে গণ্য হবে।

## নদ-নদীর সংখ্যা

নদ-নদীর সংখ্যা নির্ধারণে সরকারি সংস্থাগুলোর মধ্যে প্রথম উদ্যোগ নেয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। ২০০৫ সালে 'পানিবিজ্ঞান' গ্রন্থে শনাক্তকরণ নম্বরসহ যে তালিকা প্রকাশ করা হয়, সেখানে নদ-নদীর সংখ্যা ছিল ৩১০টি। ২০১১ সালে পরবর্তী সংস্করণে ৪০৫টি নদ-নদীর কথা বলা হয়। অন্যদিকে স্বায়ত্তশাসিত গবেষণা সংস্থা CEGIS'র তথ্যানুসারে, দেশে নদ-নদীর সংখ্যা ৪৪৫। পানি বিশেষজ্ঞ প্রকৌশলী ম. ইনামুল হক রচিত 'বাংলাদেশের নদনদী' গ্রন্থে বলা হয়, দেশে নদীর সংখ্যা ১,১৮২। জাতীয় নদী রক্ষা কমিশনের গ্রন্থে ১,০০৮টি নদীর তথ্য রয়েছে।

## দীর্ঘতম ১৪টি নদী

দেশে ২০০ কিলোমিটার বা তার বেশি দৈর্ঘ্যের নদী রয়েছে ১৪টি। যথা—

নাম	দৈর্ঘ্য (কিমি)	প্রবাহিত জেলা
পদ্মা	৩৪১	চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, নাটোর, পাবনা, রাজবাড়ী, ফরিদপুর, মানিকগঞ্জ, ঢাকা, মাদারীপুর, মুন্সীগঞ্জ ও শরীয়তপুর
ইছামতি	৩৩৪	চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ ও সাতক্ষীরা
সাতুল/শঙ্খ	২৯৪	বান্দরবান ও চট্টগ্রাম
ধলেশ্বরী	২৯২	টাঙ্গাইল, মানিকগঞ্জ, ঢাকা, নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জ
কুশিয়ারা	২৮৮	সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও কিশোরগঞ্জ
সুরমা	২৪৯	সুনামগঞ্জ ও সিলেট
ভৈরব	২৪২	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর ও খুলনা
বংশাই	২৩৯	জামালপুর, টাঙ্গাইল, গাজীপুর ও ঢাকা
কপোতাক্ষ	২৩৮	ঝিনাইদহ, যশোর, খুলনা ও সাতক্ষীরা
প্রাজ্ঞব্রহ্মপুত্র	২৩০	গাইবান্ধা, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, গাজীপুর ও নরসিংদী
পুনর্ভবা	২২৩	নওগাঁ, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ ও ঠাকুরগাঁও
মেঘনা	২২১	কিশোরগঞ্জ, হবিগঞ্জ, নরসিংদী, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ, কুমিল্লা, মুন্সীগঞ্জ, চাঁদপুর, লক্ষ্মীপুর, বরিশাল, শরীয়তপুর ও ভোলা
বাম্বালী	২১৭	গাইবান্ধা, বগুড়া ও সিরাজগঞ্জ
নবগঙ্গা	২১৪	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, খুলনা ও যশোর

## ক্ষুদ্রতম ৩টি নদী

নাম	দৈর্ঘ্য (কিমি)	প্রবাহিত জেলা
গাঙ্গিনা	০.০৩২	হালুয়াঘাট (ময়মনসিংহ)
কলমদানী	০.০৪২	ফুলবাড়িয়া (ময়মনসিংহ)
ইটবাড়িয়া	০.১০০	পটুয়াখালী সদর

## ইছামতি নামে ১১টি নদী

নাম	প্রবাহিত জেলা	দৈর্ঘ্য (কিমি)
চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর ও সাতক্ষীরা	৩৩৪	
মানিকগঞ্জ, ঢাকা ও মুন্সীগঞ্জ	১২৯	
বগুড়া	৮০	
সিরাজগঞ্জ ও বগুড়া	৭৪	
পাবনা	৪৪	
বগুড়া	৩৭	
রাঙ্গামাটি ও চট্টগ্রাম	৩৭	
মুন্সীগঞ্জ ও নারায়ণগঞ্জ	৩৬	
দিনাজপুর	২৭	
ময়মনসিংহ	৫	
বাগেরহাট	৪	



মেট্রিক বিজয়ী : ১১ জুন, পুরুষ ৭ ও নারী ৪। পুরস্কার প্রত্যেক বিভাগের নোবেলজয়ী প্রত্যেকে পাবেন একটি মেডেল, একটি সনদপত্র এবং ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা। যেসব বিভাগে একাধিক নোবেলজয়ী থাকবেন তাদের মধ্যে ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা বন্টন করে দেওয়া হবে।

**চি কি ৭ সা বি জ্ঞান** ঘোষণা : ২ অক্টোবর ২০২৩


**ক্যাথলিন ক্যারিকো Katalin Karikó**  
জন্ম : ১৭ জানুয়ারি ১৯৫৫ • দেশ : হাঙ্গেরি

**ড্রু ওয়াইজম্যান Drew Weissman**  
জন্ম : ৭ সেপ্টেম্বর ১৯৫৯ • দেশ : যুক্তরাষ্ট্র

**করোনা ভাইরাসরোধী কার্যকর mRNA ভ্যাকসিন গবেষণার জন্য**

**গবেষণার বিষয়বস্তু** আশির দশকেই গবেষণাগারে কোষ ছাড়া mRNA তৈরির পদ্ধতি আবিষ্কৃত হয়। একে বলা হয় ইন ভিত্রো ট্রান্সক্রিপশন ইনভিটো mRNA। এই mRNA আবার সহজেই ভেঙে বা নষ্ট হয়ে যায়। তাই তৈরির পর একে দেহে প্রবেশ করানোর জন্য আবিষ্কৃত হয়েছে বিভিন্ন প্রযুক্তি। কিন্তু এগুলোর মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়। ক্যারিকো ও ওয়াইজম্যান ডেনড্রাইটিক কোষের সঙ্গে গবেষণাগারে তৈরি mRNA'র প্রতিক্রিয়া দেখেন। তারা দেখেন ডেনড্রাইটিক কোষ এই mRNA-কে ফরেন বস্তু বা দেহের বাইরে থেকে আসা বস্তু ভেবে তা নষ্ট করে। এরপর তারা mRNA'র বিভিন্ন রূপ বা বেসের পরিবর্তন ঘটিয়ে তার সঙ্গে ডেনড্রাইটিক কোষের প্রতিক্রিয়া দেখেন। তারা দেখলেন গবেষণাগারে তৈরি mRNA'র বেস পরিবর্তন করলে তা আর ডেনড্রাইটিক কোষের সঙ্গে প্রতিক্রিয়া ঘটায় না। ফলে mRNA আর নষ্ট হয় না আবার দেহে প্রদাহও সৃষ্টি করে না। তাদের গবেষণার এ প্রাথমিক ফলাফলগুলো ২০০৫ সালে প্রকাশিত হয়। ২০১৯ সালে প্রথম শুরু হয় করোনাভাইরাস বা সার্স-কোভ-২ (SARS-CoV-2) সংক্রমণ। ২০২০ সালের শুরুতে এটি মহামারির রূপ নেয়। অনেক কম সময়ে বিজ্ঞানীরা বেশ কয়েকটি ভ্যাকসিন উদ্ভাবন করেন। তার মধ্যে দুটি, ফাইজার-বায়োএনটিক এবং মডার্না ছিল mRNA ভ্যাকসিন। অতি দ্রুত তৈরি এবং অনুমোদনপ্রাপ্ত এই দুই ভ্যাকসিনের পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে ক্যারিকো ও ওয়াইজম্যানের আবিষ্কার। ভবিষ্যতে mRNA প্রযুক্তি ব্যবহার করে ক্যান্সার চিকিৎসার কাজও হতে পারে।

**mRNA ভ্যাকসিন** মৃত বা দুর্বল ভাইরাস কিংবা ভাইরাসের অংশ দিয়ে ভ্যাকসিন তৈরির রীতি বহুদিন ধরে চল আসছে। এমনকি ভাইরাসের জেনেটিক কোড নিষ্ক্রিয় ভাইরাসে প্রবেশ করিয়েও ভ্যাকসিন তৈরি করা যায়। তবে এ ধরনের ভ্যাকসিন তৈরিতে প্রচুর গবেষণা ও সময় প্রয়োজন। তাঁর মহামারিতে স্বল্প সময়ে ভ্যাকসিন তৈরিতে অনেকে messenger ribonucleic acid (mRNA) প্রযুক্তির দিকে ঝুঁকেন। mRNA ভ্যাকসিনটি messenger RNA ভ্যাকসিন নামেও পরিচিত। এ ভ্যাকসিনে messenger RNA নামের জেনেটিক উপাদানের একটি ছোট টুকরো ব্যবহার করে শরীরের কোষগুলোকে টার্গেট ভাইরাসের একটি নির্দিষ্ট অংশ (প্রোটিন) তৈরি নির্দেশ দেয়। RNA-তে চারটি বেস রয়েছে যথা— অ্যাডিনিন (A), ইউরাসিল (U), গুয়ানিন (G) ও সাইটোসিন (C) এবং DNA-তে অ্যাডিনিন (A), থাইমিন (T), গুয়ানিন (G), সাইটোসিন (C) বেস রয়েছে। অর্থাৎ RNA-তে ইউরাসিল থাকে আর DNA-তে ইউরাসিলের পরিবর্তে থাইমিন থাকে।



কোয়ান্টাম ডটের আবিষ্কার ও সংশ্লেষণের জন্য। তাদের এ কাজ ন্যানো প্রযুক্তিবিষয়ক শ্রেণিক গবেষণায় অবদান রেখেছে।

**১৯৮১ সালে আলেক্সি ইয়াকিমভ কপার ক্লোরাইড মিশিয়ে রঙিন কাচ তৈরি করেন। তিনি লক্ষ্য করেন, কপার ক্লোরাইডের ন্যানোকণার আকার ছোট-বড় করলে তার প্রভাব পড়ছে কাচের রঙে। কণা যত ছোট হয়, তত বেশি শুধে নেয় নীল আলো।**

**১৯৮৩ সালে লুই ব্রুস তৈরি করেন ক্যাডমিয়াম সালফাইডের ন্যানোকণার দ্রবণ। তিনি লক্ষ্য করেন, সদ্য তৈরি দ্রবণ ও কিছু পুরোনো দ্রবণের বৈশিষ্ট্যে পার্থক্য তৈরি হচ্ছে। তিনি আরও আবিষ্কার করেন, ন্যানোকণার আকার ছোট হলে সেটি আরও বেশি নীলচে আলো শুধে নেয়।**

**১৯৯৩ সালে মুঙ্গি বাওয়েন্ডি দ্রবণের মধ্যে নির্দিষ্ট আকারের ক্যাডমিয়াম সেলেনাইডের ন্যানোকোলাস তৈরি করেন। এভাবে আরও মসৃণ ও সমআকারের ন্যানোকণা উৎপাদন করা যায়। কোয়ান্টাম ডট তৈরির এ প্রক্রিয়া অনেক কার্যকর। তাই ক্রিয়াকর্মী পরিসরে এর ব্যবহার বেড়েছে।**

**ন্যানো প্রযুক্তি:** আণবিক স্কেলে অতিদুন্দ্র ডিভাইস তৈরি করার জন্য ধাতব বস্তুকে কাজে লাগানোই হলো ন্যানো প্রযুক্তি। এক ন্যানোমিটার হলো এক মিটারের একশ কোটি ভাগের এক ভাগ।

**কোয়ান্টাম ডট:** কোয়ান্টাম ডট হলো অধপরিবাহী পদার্থের ন্যানোকণা। আকার অতি ক্ষুদ্র হওয়ায় এগুলোতে একই উপাদানে তৈরি বড় কণার চেয়ে ভিন্ন বৈশিষ্ট্য দেখা যায়। তাছাড়া আকারভেদে এগুলোর বৈশিষ্ট্য ভিন্ন হয়। যেমন— আলো শোষণ ও বিকিরণ নির্ভর করে কণার আকারের ওপর। এগুলোর ইলেকট্রনগুলো একসঙ্গে সংকুচিত হওয়ার ফলে কোয়ান্টাম প্রভাব তৈরি হয়।

**এ গবেষণা কেন এত গুরুত্বপূর্ণ** QLED টিভিতে কোয়ান্টাম ডট ব্যবহার করে পর্দায় আরও উজ্জ্বল রং দেখানো হয়। এ ছাড়া কিছু LED বাতিতেও এর ব্যবহার রয়েছে। ভবিষ্যতে নমনীয় (ফ্লেক্সিবল) ইলেকট্রনিক ডিভাইস, অতি ক্ষুদ্র সেন্সর ও পাতলা সৌরকোষ তৈরির মতো আরও নানা কাজে এটি ব্যবহার করা যাবে।

**অর্থনীতি** v.v.৭ ঘোষণা : ৯ অক্টোবর ২০২৩

**অধ্যাপক ক্লডিয়া গোল্ডিন Claudia Goldin**  
জন্ম : ১৪ মে ১৯৪৬ • দেশ : যুক্তরাষ্ট্র

তিনি ১৯৯০ সালে প্রথম নারী হিসেবে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে যোগ দেন।

**শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ নিয়ে গবেষণার স্বীকৃতি হিসেবে**

**গবেষণার বিষয়বস্তু** অধ্যাপক ক্লডিয়া গোল্ডিন ২০০ বছর সময়ে নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণ এবং তাদের আয় নিয়ে গবেষণা করেন। এই সময়ে শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ শুধু বেড়েছে-বিষয়টি মোটেও তেমন নয়, বরং এ-বিষয়ক রেখাচিত্র ইংরেজি 'ইউ' আকৃতির। কৃষিসমাজ থেকে শিল্পসমাজে উত্তরণের সময় উনিশ শতকে বিবাহিত নারীদের শ্রমশক্তিতে অংশগ্রহণ কমে। এরপর বিশ শতকের শুরু থেকে সেবাশ্রমের পরিবর্তন হতে শুরু করলে শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পায়। ক্লডিয়া গোল্ডিনের মতে, মূলত কাঠামোগত পরিবর্তন এবং পরিবার ও সমাজে নারীর দায়িত্ব-কর্তব্যবিষয়ক সামাজিক রীতিনীতির পরিবর্তনের কারণে এমনটা হয়েছে। বিশ শতকে নারীর শিক্ষাগত যোগ্যতা ধারাবাহিকভাবে বেড়েছে। অধিকাংশ উচ্চ আয়ের দেশে নারী শিক্ষার মান পুরুষের চেয়ে বেশি। আরেকটি কারণে নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণের ক্ষেত্রে বৈষম্যিক পরিবর্তন এসেছে। সেটা হলো জন্মবিরতিকরণ সামগ্রী— যা নারীকে ক্যারিয়ার নিয়ে পরিকল্পনা করার স্বাধীনতা দিয়েছে। এতদসঙ্গেও দীর্ঘদিন ধরে নারী-পুরুষের আয়ের ব্যবধান তেমন একটা কমছে না। এর আর্থিক কারণ শিক্ষাবিষয়ক সিদ্ধান্ত সাধারণত কম বয়সে নেওয়া।

ইসরায়েলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ তুরস্ক; ১৮ মার্চ ১৯৪৯

## পদার্থবিজ্ঞান

যোগা : ৩ অক্টোবর ২০২৩



পিয়ের আগোস্তিনি **Pierre Agostini**  
 জন্ম : ২৩ জুলাই ১৯৪১ ♦ দেশ : যুক্তরাষ্ট্র  
 ফেরেন্স কনউজ **Ferenc Knausz**  
 জন্ম : ১৭ মে ১৯৬২ ♦ দেশ : হাঙ্গেরি  
 অ্যান লিয়ের **Anne L'Huillier**  
 জন্ম : ১৬ আগস্ট ১৯৫৮ ♦ দেশ : ফ্রান্স



### পদার্থের ইলেকট্রন ডাইনামিকস গবেষণায় আলোর অ্যাটোসেকেন্ড স্পন্দন তৈরির পরীক্ষণ লব্ধ প্রক্রিয়া নিয়ে গবেষণার জন্য

#### গবেষণার বিষয়বস্তু

International System of Units (SI) অনুযায়ী, সময়ের একক সেকেন্ড। তবে বিজ্ঞানীরা ন্যানোসেকেন্ডের দৈর্ঘ্য ছাড়িয়ে এখন অ্যাটোসেকেন্ড নিয়ে গবেষণা করেছেন। ১ অ্যাটোসেকেন্ড হলো ১০<sup>-১৮</sup> সেকেন্ড; অর্থাৎ ১ সেকেন্ডকে ১০০ কোটি ভাগ করলে তার ১ ভাগকে আবার ১০০ কোটি ভাগ করলে তাই হবে। বিজ্ঞানীরা তাদের গবেষণায় উচ্চচাপে বিশেষ ধরনের গ্যাসকে একটি চেম্বারে উচ্চশক্তিতে প্রেরণ করার মাধ্যমে লেজার রশ্মিতে রূপান্তরিত করেন। লেজার রশ্মিতে রূপান্তর করার পর তড়িৎ চৌম্বকীয় তরঙ্গের মাধ্যমে উচ্চশক্তিসম্পন্ন স্পন্দন তৈরি করা হয়। যেখানে স্পন্দনগুলো একটি আরেকটির ওপর আপতিত হওয়ার ফলে কোয়ান্টাম সময় এর তীব্রতার মাত্রা বেড়ে যায় আবার কখনো খুবই নগণ্য রূপ ধারণ করে। একটা পর্যায়ে তারা খুবই ক্ষুদ্র সময়কাল স্বল্পমানের কম্পন পাওয়ার প্রক্রিয়াটা সম্ভব করেন। অর্থাৎ অ্যাটোসেকেন্ড পালস তৈরি করতে সক্ষম হন। মূলত পরমাণু অভ্যন্তরীণ ইলেকট্রনের গতি এত বেশি হয় যে, তার স্থান ও গতির পরিবর্তন মাপা কঠিন ছিল। এ তিন বিজ্ঞানী গবেষণার মাধ্যমে সংক্ষিপ্ত আলোর স্পন্দন সৃষ্টিতে সক্ষম হন, যেগুলোকে 'অ্যাটোসেকেন্ড' হিসেবে মূল্যায়ন করা হয়। সময়ে সময়ে সংক্ষিপ্ত পর্যায় এ 'অ্যাটোসেকেন্ড'। আলোক স্পন্দন তৈরির মাধ্যমে অ্যাটোসেকেন্ড প্রযুক্তির ব্যবহার পরমাণু মৌলিক গঠনে ইলেকট্রনের গতি বিশ্লেষণ, মৌলের গাঠনিক ও রাসায়নিক ধর্ম পর্যবেক্ষণ, মৌলিক পদার্থবিজ্ঞানকে আরও একধাপ এগিয়ে নেবে। এছাড়া আলট্রাফাস্ট প্রযুক্তি ও কোয়ান্টাম কম্পিউটারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

## শান্তি

যোগা : ৩ অক্টোবর ২০২৩



নার্গিস মোহাম্মদি **Narges Mohammadi**  
 জন্ম : ২১ এপ্রিল ১৯৭২ ♦ দেশ : ইরান

### নিপীড়িত নারীদের অধিকার আদায়ের সংগ্রাম এবং সকলের জন্য মানবাধিকার ও স্বাধীনতার প্রচারে অবদানের জন্য



#### পরিচিতি

কারাবন্দী মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদি ইরানের জাঞ্জানে জন্মগ্রহণ করেন। তিনি ইমাম খোমেনি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞান নিয়ে পড়াশোনা করে একজন পেশাদার প্রকৌশলী হন। সরকারের সমালোচনা করার জন্য ১৯৯৮ সালে প্রথম গ্রেপ্তার হন। ২০০৩ সালে তিনি নোবেলজয়ী শিরিন এবাদি প্রতিষ্ঠিত Defenders of Human Rights Center (DHRC) এ যোগ দেন, পরে DHRC'র সহ-সভাপতি হন। ২০১০ সাল থেকে প্রায় ধারাবাহিকভাবে বন্দি থাকলেও কারাগার থেকেই তিনি নারীদের ওপর নির্যাতন ও নিপীড়নের ঘটনা প্রকাশ করে আসছেন। ইরান সরকার বিভিন্ন অভিযোগে এ পর্যন্ত ১৩ বার তাকে আটক করেছে, পাঁচবার দোষী সাব্যস্ত করেছে ও ৩১ বছরের কারাদণ্ডের পাশাপাশি ১৫৪টি বেত্রাঘাতের শাস্তিও দেয়। তারপরও অধিকার আদায়ের লড়াই থেকে বিচ্যুত হননি তিনি। 'গুজব ছড়ানোর' অভিযোগে সাজাপ্রাপ্ত হয়ে বর্তমানে তিনি কুখ্যাত এডিন কারাগারে ১০ বছরের সাজা ভোগ করছেন। এতেও তাকে দমানো যায়নি, বরং জেলে থেকেই রাজনৈতিক বন্দিদের উপর চালানো নিপীড়ন, নারীদের বিরুদ্ধে সহিংসতা ও যৌন হয়রানিমূলক আচরণের বিরুদ্ধে সোচ্চার হন। ২০২২ সালে মাহসা আমিনির মৃত্যুর পর ইরানজুড়ে শুরু হওয়া আন্দোলনেও জেল থেকে তিনি সংগ্রাম প্রকাশ করেন। তিনি কারাবন্দি থাকা অবস্থায় শান্তিতে নোবেলজয়ী পঞ্চম ব্যক্তি।

নাম	দেশ	সাল
কারাবন্দি থাকা অবস্থায় শান্তিতে নোবেলজয়ী অন্য ৪ জন		
কার্ল ভন ওজিয়েথস্কি	জার্মানি	১৯৩৫
অং সান সু'চি	মিয়ানমার	১৯৯১
লিউ জিয়াবো	চীন	২০১০
আলেক্স বিয়ালিয়াথস্কি	বেলারুশ	২০২২

তুরস্ককে এশিয়া ও ইউরোপ থেকে পৃথক করেছে বসফরাস এবং দার্দানেলিস প্রণালি

## সাহিত্য

যোগ্যতা : ৫ অক্টোবর ২০২৩

জন ফসে **John Fosse**

জন্ম : ২৯ সেপ্টেম্বর ১৯২৯ • দেশ : নরওয়ে

• তিনি বার্গেন বিশ্ববিদ্যালয় থেকে তুলনামূলক সাহিত্য নিয়ে স্নাতক করেন।

উদ্ভাবনী নাটক এবং ভাষাহীনের মুখে ভাষা দেওয়া গদ্যের জন্য

## পরিচিতি

নরওয়ের লেখক, নাট্যকার ও কবি। তার জন্ম নরওয়ের পশ্চিম উপকূলের Haugesund এলাকায়। তিনি নাটক লেখার পাশাপাশি অসংখ্য উপন্যাস, কবিতা, প্রবন্ধ, শিশুদের বই এবং অনুবাদ করেছেন।

১৯৮৩ সালে সাহিত্যিক হিসেবে তার আত্মপ্রকাশ ঘটে 'রেড, ব্ল্যাক' উপন্যাসের মধ্য দিয়ে। আত্মহত্যার মনস্তাত্ত্বিক ভাষা তুলে ধরা এ উপন্যাসটিই তার পরবর্তী সাহিত্যকর্মের সুর বেঁধে দেয়। ১৯৯৪ সালে তার প্রথম নাটক And We'll Never Be Parted

We'll Never Be Parted বার্গেনের ন্যাশনাল থিয়েটারে মঞ্চস্থ হয়। ১৯৯৯ সালে ইউরোপে তিনি নাট্যকার হিসেবে খ্যাতি লাভ করেন। ঐ বছর প্যারিসে তার Nokon kjem til å komme (Someone Is Going to Come) নাটকটি মঞ্চায়িত হয়। এটিই তাকে ব্যাপক খ্যাতি এনে দেয়। জন ফসে ৪০টি নাটক রচনা করেন। তিনি সংগীতে বংশীবাদক হিসেবে কাজ করেন। লিখেছেন শিশুদের জন্য গানও।

তার উল্লেখযোগ্য পুরস্কার > নাইনর্ক সাহিত্য পুরস্কার (১৯৯২, ২০০৩) • ইবসেন পুরস্কার (১৯৯৬) • সুইডিশ একাডেমি নর্ডিক পুরস্কার (২০০৭) • ইউরোপীয় সাহিত্য পুরস্কার (২০১৪) • নর্ডিক কাউন্সিল সাহিত্য পুরস্কার (২০১৫) • ২০০৩ সালে ফ্রান্সের অর্ডার ডু ন্যাশনাল মেরিটে ভূষিত • ২০২২ সালে বুকার ইন্টারন্যাশনাল পুরস্কারের শর্ট লিস্টের তালিকায় ছিল তাঁর সিরিজ উপন্যাস 'আ নিউ নেম'। **A New Name**

• জন ফসের রচনার শৈলী একেবারেই তার নিজস্ব। সাহিত্যজগতে এ শৈলী 'ফস মিনিমালিজম' নামে পরিচিত।

• নরওয়েজীয় ভাষার লিখিত রূপের দু'টি স্ট্যাভার্ড বা মানদণ্ড প্রচলিত রয়েছে—Nynorsk (New Norwegian) এবং Bokmål। জন ফসে তার সাহিত্য চর্চার জন্য বেছে নেন Nynorsk।

• তার লেখা ৪০টিরও বেশি ভাষায় অনূদিত হয়।

• প্রথম উপন্যাস : Raudt, Svart (Red, Black); প্রকাশ ১৯৮৩।

• প্রথম নাটক : Og aldri skal vi skiljast (And We'll Never Be Parted); প্রকাশ ১৯৮৩।

• উল্লেখযোগ্য নাটক : Someone Is Going to Come, The Name, The Child, The Son, A Summer's Day, Dream of Autumn, Suzannah, I svarte skogen inne ইত্যাদি।

• উল্লেখযোগ্য গ্রন্থ : Morning and Evening, Wakefulness, Closed Guitar, Boathouse, Blood. The Stone Is, Lead and Water, Aliss at the Fire, Melancholy ইত্যাদি।

• তার সর্বশেষ সেমি অটোবায়োগ্রাফি A New Name : Septology সাত খণ্ডে তিনটি ভলিউমে প্রকাশিত হয়।

## জানেন কি

• নরওয়ের চতুর্থ ব্যক্তি জন ফসে সাহিত্যে নোবেল পুরস্কার পান।

• নার্সিস মোহাম্মদি নোবেলজয়ী ৬৪তম নারী। শান্তিতে

নোবেলজয়ী ১৯তম নারী। নোবেল

জয়ী ১৫তম মুসলিম ব্যক্তিত্ব।

শান্তিতে নোবেলজয়ী চতুর্থ মুসলিম

নারী। শান্তিতে নোবেল জয়ী অষ্টম

মুসলিম ব্যক্তিত্ব। নোবেলজয়ী

দ্বিতীয় ইরানি। প্রথম শিরিন এবাদি

(২০০৩ সালে, শান্তিতে)

• ক্যাতলিন ক্যারিকো চিকিৎসায় নোবেলজয়ী ১৩তম নারী

• অ্যান লিয়ের পদার্থে নোবেলজয়ী পঞ্চম নারী

• রসায়নে তৃতীয় মুসলিম নোবেলজয়ী মুঙ্গি বাওয়াল্ডি

• সাহিত্যে নোবেল বিজয়ী ১২০তম লেখক জন ফসে

• অর্থনীতিতে নোবেল পুরস্কারের আনুষ্ঠানিক নাম

Severage Riksbank Prize যেটির অর্থায়ন করে সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক।



শিরিন এবাদি

• কুড়িয়া গোল্ডিন অর্থনীতিতে নোবেল

বিজয়ী তৃতীয় নারী। এর আগে ২০০৯

সালে যুক্তরাষ্ট্রের ইলিনর অস্ট্রম এবং

২০১৯ সালে ফরাসি বংশোদ্ভূত মার্কিন

নাগরিক এস্তার দুফলো অর্থনীতিতে

নোবেল পুরস্কার লাভ করেন।



ইলিনর অস্ট্রম

## নোবেল বিজয়ী আপডেট

ক্যাটাগরি	পুরস্কার	একক	যৌথ	গ্রন্থ	মোট বিজয়ী
পদার্থ	১১৭	৪৭	৩২	৩৮	২২৫
রসায়ন	১১৫	৬৩	২৫	২৭	১৯৪
চিকিৎসা	১১৪	৪০	৩৫	৩৯	২২৭
সাহিত্য	১১৬	১১২	৪	-	১২০
শান্তি	১০৪	৭০	৩১	৩	১১১+৩০*
অর্থনীতি	৫৫	২৬	২০	৯	৯৩
মোট	৬২১	৩৫৮	১৪৭	১১৬	১,০০০

\* ২৭টি সংস্থা ৩০বার নোবেল পুরস্কার লাভ করে।







# খেলাধুলা



২০২৪

## ২০৩০ ফুটবল বিশ্বকাপ ও মহাদেশ

তিন মহাদেশের ছয় দেশে ২০৩০ ফুটবল বিশ্বকাপের আসর কবে। আসরের প্রথম তিনটি ম্যাচ অনুষ্ঠিত হবে দক্ষিণ আমেরিকা, অয়োজক ও দেশ—ইউরোপের স্পেন ও পর্তুগাল, উত্তর আমেরিকার মেক্সিকো এবং দক্ষিণ আমেরিকার প্যারাগুয়ে, উরুগুয়ে ও আর্জেন্টিনা। দক্ষিণ আমেরিকার তিনটি দেশ টুর্নামেন্টের শুরুতে একটি করে ম্যাচে অয়োজক করবে। এই ম্যাচের একটি মল হবে অয়োজক দেশ। বিশ্বকাপের ফাইনাল হবে স্পেনের মাদ্রিদ। প্রথম ম্যাচের জন্য উরুগুয়ের রাজধানী মন্টেভিডিও, দ্বিতীয় আর্জেন্টিনার বুয়েনোসাইরেস এবং তৃতীয় ম্যাচ হবে প্যারাগুয়ের অসুনসোন। এই তিন ম্যাচের ছয় মল এরপর অসামান্য পণ্ডিত দ্বিতীয় বিশ্বকাপের বাকি ম্যাচগুলো খেলবে মরক্কো, পর্তুগাল ও স্পেনে। ২০৩০ সালে ফুটবল বিশ্বকাপের শতবর্ষে আসর কবে। আসর হবে ৫০টি দেশ। মেরি ম্যাচ হবে ১০টি। উরুগুয়ে ১৯৩০ সালে প্রথম ফুটবল বিশ্বকাপের অয়োজক করে। এ আসরে চ্যাম্পিয়ন হয় উরুগুয়ে। ৪ অক্টোবর ২০২৩ ফিফার কার্টাগিনে এক নর্ডবাইন সম্মেলনে তিন মহাদেশের ছয় দেশে বিতর্কিত ফুটবল বিশ্বকাপ অয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২৪ সালে জুরিখে ফিফার বার্ষিক অধিবেশনে সেটি পাস হবে।

## টি-২০ বিশ্বকাপের ১০ ডেন্ডা চূড়ান্ত

প্রথমবারের মতো ত্রিকোণের বড় কোনো টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে ফ্রান্সে। দেশটির তিনটি ভেনু ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপে জমা প্রস্তুত করা হচ্ছে। ৪ জুন ২০২৪ থেকে শুরু হওয়া প্রথমবারের মতো ২০ দলের টি-২০ বিশ্বকাপে দেশটির ডেন্ডাগুলো হলো—ভালেন্সের গ্রাত প্রেইরি, ফ্লোরিডার ব্রোয়ার্ড কাউন্টি এবং নিউইয়র্কের ন্যাসাউ কাউন্টি। ২০ সেপ্টেম্বর ২০২৩ আন্তর্জাতিক ত্রিকোণ কাউন্সিল (ICC) এ তথ্য জানায়। বিশ্বকাপের আয়োজনে সহযোগী হিসেবে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ। ওয়েস্ট ইন্ডিজের সাত ডেন্ডা হলো—আন্টিগা, বার্বাডোস, ডোমিনিকা, গায়ানা, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট, ব্রিটিশ ভার্জিন দ্বীপসমূহ।

## ওয়েস্ট ইন্ডিজের নতুন ইতিহাস

২ অক্টোবর ২০২৩ অস্ট্রেলিয়ার নর্থ সিডনি ওভালে স্বাগতিকদের বিপক্ষে ১ বল বাকি থাকতে ৭ উইকেটের জয়ে মেয়েদের টি-২০ ত্রিকোণের নতুন ইতিহাস লিখে ওয়েস্ট ইন্ডিজ। মেয়েদের টি-২০তে ৪২৫ রানের ম্যাচই সর্বোচ্চ নতুন রেকর্ড। অস্ট্রেলিয়ার দেওয়া ২১৩ রানের লক্ষ্য পেরিয়ে এ রেকর্ড করে ওয়েস্ট ইন্ডিজ। এর আগের সর্বোচ্চ ছিল ২০১৮ সালে ইংল্যান্ড ও ভারতের ৩৯৭ রান। ব্র্যাবোর্নে ভারতের দেওয়া ১৯৯ রানের লক্ষ্য পেরিয়ে ইংল্যান্ড জয় লাভ করে, যেটি এতদিন ছিল সর্বোচ্চ রান তাত্ত্ব করে জয়। অস্ট্রেলিয়া-ওয়েস্ট ইন্ডিজ ম্যাচে আলোচনায় ছিল ফেবি লিচফিল্ডের রেকর্ড ছোঁয়া ফিফটি। লিচফিল্ড ১৯ বলে ৫২ রান করে মেয়েদের টি-২০তে সৌফি ডিভাইনের দ্রুততম ফিফটির রেকর্ড ছুঁয়ে ফেলেন। আগের ম্যাচে ৯৯ রানে অপরাধিত থাকা ম্যাথুস এ ম্যাচে সেধুরির পূর্ণ করেন ৫৭ বলে। আন্তর্জাতিক টি-২০তে এটি তার দ্বিতীয় সেধুরি।



## ১৯তম এশিয়ান গেমস

• **বিদায় হাংগু, স্বাগতম নাগোয়া**  
৮ অক্টোবর ২০২৩ স্বাগতিক দেশ চীনের শ্রেষ্ঠ অর্জনে পর্দা নামে ১৯তম এশিয়ান গেমসের ১৯ সেপ্টেম্বর-৮ অক্টোবর ২০২৩ জাপানের অসাই-নগোয়ার আয়োজনে ১৯তম এশিয়ান গেমস। এর ফলে ৩৩ বছর পর জাপানে ফিরবে এশিয়ার সবচেয়ে বড় ক্রীড়া ইভেন্ট। সর্বশেষ ১৯৯৪ সালে জাপানের হিরোশিমা অনুষ্ঠিত হয় এশিয়ান গেমস।

• **শীর্ষ ৫ দেশের পদক তালিকা**

দেশ	স্বর্ণ	রৌপ্য	ব্রোঞ্জ	মোট
চীন	২০১	১১১	৫১	৩৬৩
জাপান	৫২	৬৭	৬৯	১৮৮
দ. কোরিয়া	৪২	৫৯	৮৯	১৯০
ভারত	২৮	৩৮	৪১	১০৭
উজবেকিস্তান	২২	১৮	৩১	৭১

• **বাংলাদেশের অর্জন**  
এশিয়ান গেমস ৭৫ বছর পার করলো। বাংলাদেশ প্রথম ১৯৭৮ সালে ব্যাংককে এশিয়াতে খেলে। ১২বার এশিয়াতে অংশ নিয়ে দলীয় ইভেন্টে বেশ কয়েকটি পদক জিতে খেলোয়াড়রা। ব্যক্তিগত ইভেন্টে ১৯৮৬ সিউল এশিয়াতে মোশাররফ হোসেনের জেতা ব্রোঞ্জ এখন পর্যন্ত দেশের হয়ে ব্যক্তিগত ইভেন্টে প্রথম পদক জয়। এবারের এশিয়াতে পদক তালিকায় ৪১ দেশের মধ্যে দুটি ব্রোঞ্জ পেয়ে ৩৭ নম্বরে বাংলাদেশ।

**পদক স্বর্ণ রৌপ্য ব্রোঞ্জ**

পুরুষ (ক্রিকেট) ভারত আফগানিস্তান **বাংলাদেশ**  
নারী (ক্রিকেট) ভারত শ্রীলংকা **বাংলাদেশ**

## নেপালের বিশ্ব রেকর্ড

• চীনের হাংকুতে এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে মঙ্গোলিয়ার বিপক্ষে বিশ্ব রেকর্ড গড়ে নেপাল। মাত্রার ৫০ বলে অপরাধিত ১৩৭ রানের সুবাসে নেপাল টসে হেরে প্রথমে ব্যাট করে ৩ উইকেটে ৩১৪ রান তুলে, যা টি-২০ ক্রিকেটে সর্বোচ্চ। এ ম্যাচে নেপালের জয় ২৭৩ রানে, যা টি-২০-তে সর্বোচ্চ রান ব্যবধানে জয়ও। টি-২০-তে আগের সর্বোচ্চ স্কোরটি ছিল আফগানিস্তানের।

সর্বোচ্চ দলীয় রানের তালিকা

দেশ	স্কোর	প্রতিপক্ষ	ভেন্ডা	সাল
নেপাল	৩১৪/৩	মঙ্গোলিয়া	হাংকু	২০২৩
আফগানিস্তান	২৭৮/৩	আয়ারল্যান্ড	নোরদুন	২০১৯
চেক প্রজাতন্ত্র	২৭৮/৪	তুরস্ক	লিফত কাউন্টি	২০১৯
অস্ট্রেলিয়া	২৬৩/৩	শ্রীলংকা	পাল্লেকেলে	২০১৬
শ্রীলংকা	২৬০/৬	কেনিয়া	জোহাননেসবার্গ	২০০৭

• টি-২০-তে দ্রুততম ফিফটির রেকর্ডটিতেও বসল নেপালের খেলোয়াড়ের নাম। ৯ বলে ফিফটি করার পরে যুবরাজ সিংয়ের রেকর্ড ভাঙেন দীপেন্দ্র সিং আইরি। যুবরাজ ডারবানে ২০০৭ বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে ১২ বলে ফিফটি করেন।

• দক্ষিণ আফ্রিকার ডেভিড মিলারের রেকর্ড ভেঙে টি-২০-তে দ্রুততম সেধুরি করেন কুশল মাল্লা। ৩৪ বলে সেধুরি করেন তিনি।

## বিবিধ

■ ওয়ানডে বিশ্বকাপে ১৯৭৯ সালে প্রথম অংশগ্রহণ করে কানাডা। আর সর্বশেষ আইসিসি ওয়ানডে বিশ্বকাপে ২০১১ সালে খেলে কানাডা। এবারই প্রথম টি-২০ বিশ্বকাপের বাছাইপর্বের ম্যাচে বারমুডাকে হারিয়ে ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপ খেলার যোগ্যতা অর্জন করে দলটি।

■ ১৯ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (BKSP) সঙ্গে একটি প্রীতি ম্যাচের মধ্য দিয়ে যাত্রা শুরু করে বাংলাদেশ সেনাবাহিনী নারী ফুটবল দল। নতুন এ দলটি তাদের অসামান্য ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করে BKSP-কে ২-০ গোলে হারায়।

■ ২৪ সেপ্টেম্বর ২০২৩ ইন্দোরে একদিনের ম্যাচে অস্ট্রেলিয়ার বিপক্ষে প্রথমে ব্যাট করে ৩৯৯ রান তোলে ভারত। এ ম্যাচে ১৮টি ছক্কা মেয়ে রেকর্ড গড়েন ভারতীয় পাঁচ ব্যাটার। এদিকে একদিনের ক্রিকেটে প্রথম দল হিসেবে ৩,০০০ ছক্কা মারার রেকর্ড গড়ে ভারত। ২০১৩ সালে বেঙ্গালুরুতে অস্ট্রেলিয়া ও ২০২৩ সালে ইন্দোরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ১৯টি করে ছক্কা মারেন ভারতীয় ব্যাটাররা। ২০০৭ সালে পোর্ট অব স্পেনে বারমুডা ও ২০০৯ সালে ক্রাইস্টচার্চে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ১৮টি করে ছক্কা হয় ভারতীয় ইনিংসে।

■ ৫০ ওভারের ক্রিকেটে ২৯ বলে দ্রুততম সেধুরির নতুন বিশ্বরেকর্ড গড়েন অস্ট্রেলিয়ার জ্যাক ফেজার ম্যাকগার্ক। ৮ অক্টোবর ২০২৩ অস্ট্রেলিয়া ঘরোয়া লিস্ট 'এ' প্রতিযোগিতা দা মার্শ কাপে রেকর্ডটি গড়েন সাউথ অস্ট্রেলিয়ার ২১ বছর বয়সি ম্যাকগার্ক। তিনি ভেঙে দেন ২০১৫ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দক্ষিণ আফ্রিকার এবি ডি ভিলিয়ার্সের করা ৩১ বলে সেধুরির রেকর্ডটি।

■ ২২ সেপ্টেম্বর ২০২৩ অস্ট্রেলিয়াকে হারিয়ে ওয়ানডে র্যাংকিংয়ের শীর্ষে ওঠে ভারত। এতে তিন ফরম্যাটেই এক নম্বর দল হয়ে যার ভারত। এর আগেই শীর্ষে ছিল টিসি আর টি-২০তে। পুরুষদের ক্রিকেট ইতিহাসের দ্বিতীয় দল হিসেবে একই সময়ে তিন ফরম্যাটেই শীর্ষস্থান নিশ্চিত করে ভারত। ভারতের আগে এ রেকর্ড ছিল দক্ষিণ আফ্রিকার।



■ বাংলাদেশের চতুর্থ ব্যাটার হিসেবে ওয়ানডে ক্রিকেটে ৫,০০০ রানের ক্লাবে নাম লেখান অভিজ্ঞ ব্যাটার মাহমুদুল্লাহ রিয়াদ। নিউজিল্যান্ডের বিপক্ষে ২৬ সেপ্টেম্বর ২০২৩ মিরপুর শেেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে তৃতীয় ও শেষ ওয়ানডেতে ৫,০০০ রানের মাইলফলক স্পর্শ করেন তিনি। ৩৭ বছর বয়সি মাহমুদুল্লাহর আগে বাংলাদেশের হয়ে ৫,০০০ রান পূর্ণ করেন তামিম ইকবাল, মুশফিকুর রহিম ও সাকিব আল হাসান।

■ এক্সবিসির উদ্যোগে ৩০ সেপ্টেম্বর ২০২৩ ঢাকায় অনুষ্ঠিত প্রো-বক্সিং চ্যাম্পিয়নশিপ ২.০ ফাইট নাইটে নেপালের মহেন্দ্র বাহাদুর চাঁদকে হারিয়ে প্রথম বাংলাদেশি বক্সার হিসেবে পেশাদার বেল্ট লাভ করে সুব্র কুমার চাকমা। এশিয়ান বক্সিং ফেডারেশনের সুপার লাইটওয়েটে ইন্টারকন্টিনেন্টাল চ্যাম্পিয়নশিপ জিতেম তিনি।

■ আন্তর্জাতিক ও স্বীকৃত টি-২০তে ছেলেনের সর্বোচ্চ নারীরা সমগ্র বিশ্ব রেকর্ড ৩১৪ রানের যা, ১৯তম এশিয়ান গেমসে করে নেপাল। আর ২০২২ সালের মার্চে জিসিসি চ্যাম্পিয়নশিপ কাপে সৌদি আরবের মেয়েদের বিপক্ষে ৩১৮ রান করে বাহরাইন। কিন্তু ১৩ অক্টোবর ২০২৩ এসব রেকর্ড ভেঙে দিয়ে চিলির বিপক্ষে ১ উইকেটে ৪২৭ রান তোলে আজোন্টিনা। ছেলে ও মেয়েদের স্বীকৃত টি-২০তে এটাই সর্বোচ্চ রেকর্ড। সেই সাথে ৩৬৬ রানের বিশাল জয়ের রেকর্ডও গড়ে আজোন্টিনার মেয়েরা।

ঐতিহাসিক ট্রয় নগরী তুরস্কে অর্থাৎ